

# SSC Higher Math

অধ্যয়ভিত্তিক কন্টেন্ট-২০২৩

অধ্যায়-১৩: ঘন জ্যামিতি

## প্রয়োজনীয় তথ্য:

- **সমতল (Plane surface)** : কোনো তলের উপরস্থ যেকোনো দুইটি বিন্দুর সংযোজক সরলরেখা সম্পূর্ণরূপে ঐ তলের উপর অবস্থিত হলে, ঐ তলকে সমতল বলা হয়।
- **বক্রতল (Curved surface)** : কোনো তলের উপর অবস্থিত যেকোনো দুইটি বিন্দুর সংযোজক সরলরেখা সম্পূর্ণরূপে ঐ তলের উপর অবস্থিত না হলে, ঐ তলকে বক্রতল বলা হয়।
- **ঘন জ্যামিতি (Solid geometry)** : গণিত শাস্ত্রের যে শাখার সাহায্যে ঘনবস্তু এবং তল, রেখা ও বিন্দুর ধর্ম জানা যায়, তাকে ঘন জ্যামিতি বলা হয়।
- **একতলীয় রেখা (Coplanar straight lines)** : একাধিক সরলরেখা একই সমতলে অবস্থিত হলে, বা তাদের সকলের মধ্য দিয়ে একটি সমতল অঙ্কন সম্ভব হলে ঐ সরলরেখাগুলোকে একতলীয় বলা হয়।
- **নৈকতলীয় রেখা (Skew or non coplanar lines)** : একাধিক সরলরেখা একই সমতলে অবস্থিত না হলে বা তাদের মধ্য দিয়ে একটি সমতল অঙ্কন করা সম্ভব না হলে এগুলোকে নৈকতলীয় সরলরেখা বলা হয়।
- **সমান্তরাল সরলরেখা (Parallel line)** : দুইটি একতলীয় সরলরেখা যদি পরস্পর ছেদ না করে অর্থাৎ যদি তাদের কোনো সাধারণ বিন্দু না থাকে, তবে তাদের সমান্তরাল সরলরেখা বলা হয়।
- **সমান্তরাল তল (Parallel planes)** : দুইটি সমতল যদি পরস্পর ছেদ না করে অর্থাৎ যদি তাদের কোনো সাধারণ রেখা না থাকে তবে ঐ তলদ্বয়কে সমান্তরাল তল বলা হয়।
- **সমতলের সমান্তরাল রেখা** : একটি সরলরেখা ও একটি সমতলকে অনির্দিষ্টভাবে বর্ধিত করলেও যদি তারা পরস্পর ছেদ না করে, তবে ঐ সরলরেখাকে উক্ত তলের সমান্তরাল রেখা বলা হয়।
- **তির্যক রেখা** : কোনো সরলরেখা একটি সমতলের সাথে সমান্তরাল বা লম্ব না হলে, ঐ সরলরেখাকে সমতলের তির্যক রেখা বলা হয়।
- **উলম্ব রেখা বা তল** : স্থির অবস্থায় বুলন্ত গুলনের সূতার সঙ্গে সমান্তরাল কোনো রেখা বা তলকে খাড়া বা উলম্ব তল বলে।
- **আনুভূমিক তল ও রেখা** : কোনো সমতল একটি খাড়া সরলরেখার সাথে লম্ব হলে, তাকে শয়ান বা আনুভূমিক তল বলা হয়।
- **সমতল ও নৈকতলীয় চতুর্ভুজ** : কোনো চতুর্ভুজের বাহুগুলো একই তলে অবস্থিত হলে, তাকে সমতল চতুর্ভুজ বলা হয়। আবার কোনো চতুর্ভুজের বাহুগুলো একই তলে অবস্থিত না হলে, ঐ চতুর্ভুজকে নৈকতলীয় চতুর্ভুজ বলা হয়।
- **তলের লম্ব রেখা** : কোনো সরলরেখা একটি সমতলের উপরস্থ কোনো বিন্দু থেকে ঐ সমতলের উপর অঙ্কিত কোনো বিন্দু থেকে ঐ সমতলের উপর অঙ্কিত যেকোনো রেখার উপর লম্ব হলে, উক্ত সরলরেখাকে ঐ সমতলের উপর লম্ব বলা হয়।
- **সমবৃত্তভূমিক কোণক** : কোনো সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন একটি বাহুকে অক্ষ ধরে তার চতুর্দিকে ত্রিভুজটিকে একবার ঘুরিয়ে আনলে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তাকে সমবৃত্তভূমিক কোণক বলা হয়।
- **গোলক** : কোনো অর্ধবৃত্ত ক্ষেত্রের ব্যাসকে অক্ষ ধরে ঐ ব্যাসের চতুর্দিকে অর্ধবৃত্ত ক্ষেত্রকে একবার ঘুরিয়ে আনলে যে ঘনবস্তু উৎপন্ন হয় তাকে গোলক বলে।
- **প্রিজম** : যে ঘনবস্তুর দুই প্রান্ত সর্বসম ও সমান্তরাল বহুভুজ দ্বারা আবদ্ধ এবং অন্যান্য তলগুলো সামান্তরিক তাকে প্রিজম বলে।
- **পিরামিড** : বহুভুজের উপর অবস্থিত যে ঘনবস্তুর একটি শীর্ষবিন্দু থাকে এবং যার পার্শ্বতলগুলোর প্রত্যেকটি ত্রিভুজাকার তাকে পিরামিড বলে।
- **অভিবেপ** : কোনো বিন্দু থেকে একটি নির্দিষ্ট সরলরেখার উপর বা কোনো সমতলের উপর অঙ্কিত লম্বরেখার পাদবিন্দুকে ঐ রেখা বা সমতলের উপর উক্ত বিন্দুর পাতন বা অভিক্ষেপ বলা হয়।

■ **আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য a, প্রস্থ b, উচ্চতা c হলে—**

i. আয়তাকার ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল =  $2(ab + bc + ca)$  বর্গ একক

ii. আয়তন =  $abc$  ঘন একক

iii. কর্ণ =  $\sqrt{a^2 + b^2 + c^2}$  একক

■ ঘনকের দৈর্ঘ্য = প্রস্থ = উচ্চতা =  $a$  একক হলে—

i. সমগ্রতলের ক্ষেত্রফল =  $2(a^2 + a^2 + a^2) = 6a^2$  বর্গ একক

ii. আয়তন =  $a \cdot a \cdot a = a^3$  ঘন একক

iii. কর্ণ =  $\sqrt{a^2 + a^2 + a^2} = a\sqrt{3}$  একক

■ সমবৃত্তভূমিক সিলিন্ডারের বা বেলনের ভূমির ব্যাসার্ধ  $r$  এবং উচ্চতা  $h$  হলে—

i. বক্রতলের ক্ষেত্রফল =  $2\pi rh$  বর্গ একক

ii. সমগ্রতলের ক্ষেত্রফল =  $2\pi r(r + h)$  বর্গ একক

iii. আয়তন =  $\pi r^2 h$  ঘন একক

■ সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা  $h$ , ভূমির ব্যাসার্ধ  $r$  এবং হেলানো উচ্চতা  $l$  হলে—

i. বক্রতলের ক্ষেত্রফল =  $\pi rl$  বর্গ একক

ii. সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(r + l)$  বর্গ একক

iii. আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘন একক

■ গোলকের ব্যাসার্ধ  $r$  হলে

i. গোলকের তলের ক্ষেত্রফল =  $4\pi r^2$  বর্গ একক

ii. আয়তন =  $\frac{4}{3} \pi r^3$  ঘন একক

iii.  $h$  উচ্চতায় তলচ্ছেদে উৎপন্ন বৃত্তের ব্যাসার্ধ =  $\sqrt{r^2 - h^2}$  একক

■ প্রিজমের সমগ্রতলের বেত্রফল

$$= 2 (\text{ভূমির ক্ষেত্রফল}) + \text{পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল}$$

$$= 2 (\text{ভূমির ক্ষেত্রফল}) + \text{ভূমির পরিসীমা} \times \text{উচ্চতা}$$

এবং আয়তন = ভূমির ক্ষেত্রফল  $\times$  উচ্চতা

পিরামিডের উচ্চতা  $h$ , ভূমিক্ষেত্রের অন্তর্ভুক্তের ব্যাসার্ধ  $r$  এবং হেলানো উচ্চতা  $l$  হলে,  $l = \sqrt{h^2 + r^2}$

পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল = ভূমির ক্ষেত্রফল + পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল

কিন্তু পার্শ্বতলগুলো সর্বসম ত্রিভুজ হলে, পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল = ভূমির ক্ষেত্রফল +  $\frac{1}{2} \times (\text{ভূমির পরিধি} \times \text{হেলানো উচ্চতা})$

■ আয়তন =  $\frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$ ।

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

১. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ৪ সে.মি., প্রস্থ ৪ সে.মি. এবং উচ্চতা ৩ সে.মি. হলে এর কর্ণ কত?

ক)  $5\sqrt{2}$  সে.মি.

খ) ২৫ সে.মি. গ)  $25\sqrt{2}$  সে.মি.

ঘ) ৫০ সে.মি.

[ Note (i) : সঠিক উত্তর :  $\sqrt{89}$  সে.মি.

[(ii) : তবে প্রশ্নে ৪ সে.মি. এর পরিবর্তে ৫ সে.মি. ধরলে 'ক' নং উত্তরটি পাওয়া যাবে।]

ব্যাখ্যা : আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে a, b ও c এক হলে এর কর্ণের দৈর্ঘ্য হবে  $= \sqrt{a^2 + b^2 + c^2}$  একক।

$$\begin{aligned} \text{সুতরাং ঘনবস্তুর কর্ণের দৈর্ঘ্য} &= \sqrt{5^2 + 4^2 + 3^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{50} \text{ সে.মি.} \\ &= \sqrt{25 \times 2} \text{ সে.মি.} \\ &= 5\sqrt{2} \text{ সে.মি.} \end{aligned}$$

২. কোনো সমকোণী ত্রিভুজের অতিভুজ ভিন্ন অপর বাহুদ্বয়ের দৈর্ঘ্য 4 সে.মি. এবং 3 সে.মি.। ত্রিভুজটিকে বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে—

- উৎপন্ন ঘনবস্তুটি একটি সমবৃত্তভূমিক কোণক হবে
  - ঘনবস্তুটি একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার হবে
  - উৎপন্ন ঘনবস্তুটির ভূমির ক্ষেত্রফল হবে  $9\pi$  বর্গ সে.মি.
- ওপরের বাক্যগুলোর মধ্যে কোনটি সঠিক ?

- ক) i      খ) ii      ● i ও iii      ঘ) ii ও iii

নিম্নের তথ্যের আলোকে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও :

2 সে.মি. ব্যাসবিশিষ্ট একটি গোলক আকৃতির বল একটি সিলিন্ডার আকৃতির বাস্কে ঠিকভাবে এটে যায়।

৩. সিলিন্ডারের আয়তন কত?

- $2\pi$  ঘন সে.মি.      খ)  $4\pi$  ঘন সে.মি.  
গ)  $6\pi$  ঘন সে.মি.      ঘ)  $8\pi$  ঘন সে.মি.

ব্যাখ্যা : প্রশ্নানুসারে সিলিন্ডার আকৃতির বাস্কটির উচ্চতা হবে বলটির ব্যাসের সমান এবং ব্যাসার্ধ হবে বলটির ব্যাসার্ধের সমান।

$$\therefore \text{বাস্কটির উচ্চতা } h = 2 \text{ সে.মি. এবং ব্যাসার্ধ } r = \frac{1}{2} \times 2 = 1$$

সে.মি.

$$\text{সুতরাং বাস্কের আয়তন} = \pi r^2 h = \pi \times 1^2 \times 2 = 2\pi \text{ ঘন সে.মি.}$$

৪. সিলিন্ডারটির অনধিকৃত অংশের আয়তন কত?

- ক)  $\frac{\pi}{3}$  ঘন সে.মি.      ●  $\frac{2\pi}{3}$  ঘন সে.মি.  
গ)  $\frac{4\pi}{3}$  ঘন সে.মি.      ঘ)  $\frac{3\pi}{3}$  ঘন সে.মি.

ব্যাখ্যা : অনধিকৃত অংশের আয়তন = বাস্কের আয়তন - বলের আয়তন

$$\text{বলের আয়তন} = \frac{4}{3} \pi r^3 = \frac{4}{3} \pi \times 1^3 = \frac{4\pi}{3} \text{ ঘন সে.মি.}$$

$$\therefore \text{অনধিকৃত অংশের আয়তন} = 2\pi - \frac{4\pi}{3} = \frac{2\pi}{3} \text{ ঘন সে.মি.}$$

নিম্নের তথ্যের ভিত্তিতে ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও :

6 সে.মি. ব্যাসবিশিষ্ট একটি ধাতব কঠিন গোলককে গলিয়ে 3 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার তৈরি করা হলো।

৫. উৎপন্ন সিলিন্ডারটির উচ্চতা কত?

- 4 সে.মি.      খ) 6 সে.মি.  
গ) 8 সে.মি.      ঘ) 12 সে.মি.

ব্যাখ্যা : গোলক গলিয়ে সিলিন্ডার তৈরির কারণে এদের আয়তন সমান হবে।

$$\therefore \text{গোলকের ব্যাসার্ধ } r = \frac{6}{2} = 3 \text{ সে.মি.}$$

$$\therefore \text{গোলকের আয়তন} = \frac{4}{3} \pi r^3 = 36\pi \text{ ঘন সে.মি.}$$

দেওয়া আছে, সিলিন্ডারটির ব্যাসার্ধ  $r = 3$  সে.মি.

$$\therefore \text{সিলিন্ডারটির আয়তন} = \pi r^2 h \text{ ঘন সে.মি.}$$

$$\text{বা, } \pi r^2 h = 36\pi$$

$$\therefore h = \frac{36}{3^2} = 4 \text{ সে.মি.}$$

৬. সিলিন্ডারটির বক্রতলের বেত্রফল কত বর্গ সে.মি.?

- $24\pi$       খ)  $42\pi$       গ)  $72\pi$       ঘ)  $96\pi$

ব্যাখ্যা : সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল =  $2\pi r h$  বর্গ সে.মি.

$$= 2\pi \times 3 \times 4 \text{ বর্গ সে.মি.}$$

$$= 24\pi \text{ বর্গ সে.মি.}$$

প্রশ্ন ১৭ একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 16 মি., 12 মি. ও 4.5 মি.। এর পৃষ্ঠতলের বেত্রফল, কর্ণের দৈর্ঘ্য ও আয়তন নির্ণয় কর।

সমাধান : মনে করি,

আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য,  $a = 16$  মিটার

” ” প্রস্থ,  $b = 12$  মিটার

” ” উচ্চতা,  $c = 4.5$  মিটার

আয়তাকার ঘনবস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল

$$= 2(ab + bc + ca) \text{ বর্গ একক}$$

$$= 2(16 \times 12 + 12 \times 4.5 + 4.5 \times 16) \text{ বর্গমিটার}$$

$$= 2(192 + 54 + 72) \text{ বর্গমিটার}$$

$$= 2 \times 318 \text{ বর্গমিটার}$$

$$= 636 \text{ বর্গমিটার}$$

আবার, আয়তাকার ঘনবস্তুর কর্ণের দৈর্ঘ্য

$$= \sqrt{a^2 + b^2 + c^2} \text{ একক}$$

$$= \sqrt{(16)^2 + (12)^2 + (4.5)^2} \text{ মিটার}$$

$$= \sqrt{256 + 144 + 20.25} \text{ মিটার}$$

$$= \sqrt{420.25} \text{ মিটার}$$

$$= 20.5 \text{ মিটার}$$

এবং আয়তাকার ঘনবস্তুর আয়তন =  $(a \times b \times c)$  ঘন একক

$$= (16 \times 12 \times 4.5) \text{ ঘনমিটার}$$

$$= 864 \text{ ঘনমিটার}$$

নির্ণয়ে আয়তাকার ঘনবস্তুর পৃষ্ঠতলের ক্ষেত্রফল 636 বর্গমিটার, কর্ণের দৈর্ঘ্য 20.5 মিটার ও আয়তন 864 ঘনমিটার।

প্রশ্ন ১৮ ভূমির উপর অবস্থিত 2.5 মি. দৈর্ঘ্য ও 1.0 মি. প্রস্থবিশিষ্ট (অভ্যন্তরীণ পরিমাপ) একটি আয়তাকার জলাধারের উচ্চতা 0.4 মিটার হলে, এর আয়তন এবং অভ্যন্তরীণ তলের বেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি,

আয়তাকার জলাধারের দৈর্ঘ্য,  $a = 2.5$  মিটার

প্রস্থ,  $b = 1.0$  মিটার

উচ্চতা,  $c = 0.4$  মিটার

$\therefore$  আয়তাকার ক্ষেত্রের আয়তন =  $abc$  ঘনমিটার

$$= (2.5 \times 1.0 \times 0.4) \text{ ঘনমিটার}$$

$$= 1 \text{ ঘনএকক}$$

আবার, আয়তাকার ক্ষেত্রের অভ্যন্তরীণ তলের ক্ষেত্রফল

$$= 2(ab + bc + ca) \text{ বর্গএকক}$$

$$= 2(2.5 \times 1.0 + 1.0 \times 0.4 + 0.4 \times 2.5) \text{ বর্গমিটার}$$

$$= 2(2.5 + 0.4 + 1.0) \text{ বর্গমিটার}$$

$$= 2 \times 3.9 \text{ বর্গমিটার}$$

$$= 7.8 \text{ বর্গমিটার}$$

জলাধারটির আয়তন 1 ঘনমিটার ও অভ্যন্তরীণ তলের ক্ষেত্রফল 7.8 বর্গমিটার।

(Ans.)

প্রশ্ন ১৯ ৥ একটি আয়তাকার ঘনবস্তুর মাত্রাগুলো 5 সে. মি., 4 সে. মি. ও 3 সে.মি. হলে, এর কর্ণের সমান ধারবিশিষ্ট ঘনকের সমগ্রতলের বেত্রফল নির্ণয় কর।

সমাধান : মনে করি,

আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য,  $a = 5$  সে.মি.

” ” প্রস্থ,  $b = 4$  সে.মি.

এবং ” ” উচ্চতা,  $c = 3$  সে.মি.

$$\therefore \text{ ঘনবস্তুটির কর্ণের দৈর্ঘ্য} = \sqrt{a^2 + b^2 + c^2} \text{ একক}$$

$$= \sqrt{5^2 + 4^2 + 3^2} \text{ সে.মি.}$$

$$= \sqrt{25 + 16 + 9} \text{ সে.মি.}$$

$$= \sqrt{50} \text{ সে.মি.}$$

শর্তমতে, ঘনকের ধার,  $A = \sqrt{50}$  সে.মি.

$$\therefore \text{ ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল} = 6A^2 \text{ বর্গ একক}$$

$$= 6(\sqrt{50})^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 6 \times 50 \text{ বর্গ সে.মি.}$$

$$= 300 \text{ বর্গ সে.মি.}$$

ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল 300 বর্গ সে.মি.। (Ans.)

প্রশ্ন ১০ ৥ 70 জন ছাত্রের জন্য এরু প একটি হোস্টেল নির্মাণ করতে হবে যাতে প্রত্যেক ছাত্রের জন্য 4.25 বর্গমিটার মেঝে ও 13.6 ঘনমিটার শূন্যস্থান থাকে। ঘরটি 34 মিটার লম্বা হলে, এর প্রস্থ ও উচ্চতা কত হবে?

সমাধান : প্রশ্নমতে,

$$1 \text{ জন ছাত্রের জন্য মেঝে প্রয়োজন} = 4.25 \text{ বর্গমিটার}$$

$$\therefore 70 \text{ ” ” ” ” ” } = (4.25 \times 70) \text{ বর্গমিটার}$$

$$= 297.50 \text{ বর্গমিটার}$$

দেওয়া আছে, ঘরটির দৈর্ঘ্য = 34 মিটার

আমরা জানি, দৈর্ঘ্য  $\times$  প্রস্থ = ক্ষেত্রফল

$$\text{বা, } 34 \times \text{প্রস্থ} = \text{ক্ষেত্রফল}$$

$$\text{বা, প্রস্থ} = \frac{297.50}{34}$$

$$\therefore \text{প্রস্থ} = 8.75 \text{ মিটার}$$

আবার, 1 জন ছাত্রের জন্য শূন্যস্থান প্রয়োজন = 13.6 ঘনমিটার

$$\therefore 70 \text{ ” ” ” ” ” } = (13.6 \times 70) \text{ ঘনমিটার}$$

$$= 952 \text{ ঘনমিটার}$$

অর্থাৎ, শূন্যস্থানের আয়তন = 952 ঘনমিটার

আমরা জানি, আয়তন = দৈর্ঘ্য  $\times$  প্রস্থ  $\times$  উচ্চতা

$$\text{বা, } 952 = 34 \times 8.75 \times \text{উচ্চতা}$$

$$\text{বা, উচ্চতা} = \frac{952}{34 \times 8.75}$$

$$\therefore \text{উচ্চতা} = 3.2 \text{ মিটার}$$

$\therefore$  ঘরটির প্রস্থ 8.75 মিটার ও উচ্চতা 3.2 মিটার। (Ans.)

প্রশ্ন ১১ ৥ একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 8 সে.মি. এবং ভূমির ব্যাসার্ধ 6 সে.মি. হলে, সমগ্রতলের বেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা,  $h = 8$  সে.

মি.

এবং ভূমির ব্যাসার্ধ,  $r = 6$  সে.মি.

$$\text{কোণকের হেলানো ধার, } l = \sqrt{h^2 + r^2} \text{ একক}$$
$$= \sqrt{8^2 + 6^2}$$

সে.মি.

$$= \sqrt{64 + 36} \text{ ”}$$

$$= \sqrt{100} \text{ ”}$$

$$= 10 \text{ সে. মি.}$$

কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r (l + r)$  বর্গ সে.মি.

$$= \pi \times 6 \times (10 + 6) \text{ বর্গ সে.মি.}$$

$$= 301.59 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

আবার, কোণকের আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘন সে.মি.

$$= \frac{1}{3} \times 3.1416 \times (6)^2 \times 8 \text{ ঘন সে.মি.}$$

$$= 301.6 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

নির্ণেয় কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল 301.59 বর্গ সে.মি. (প্রায়) এবং আয়তন 301.6 ঘন সে.মি. (প্রায়)। (Ans.)

প্রশ্ন ১২ ৥ একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 24 সে.মি. এবং আয়তন 1232 ঘন সে.মি.। এর হেলানো উচ্চতা কত?

সমাধান : দেওয়া আছে,

সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা,  $h = 24$  সে.মি.

এবং আয়তন = 1232 ঘন সে.মি.

আমরা জানি, আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$

$$\text{প্রশ্নমতে, } \frac{1}{3} \pi r^2 h = 1232$$

$$\text{বা, } \frac{1}{3} \pi r^2 \times 24 = 1232$$

$$\text{বা, } r^2 = \frac{1232 \times 3}{24 \times 3.1416}$$

$$\text{বা, } r^2 = 49.0196$$



$$\therefore r = 7.001 \text{ সে.মি.}$$

আমরা জানি,

হেলানো উচ্চতা,  $l = \sqrt{h^2 + r^2}$  একক

$$= \sqrt{(24)^2 + (7.001)^2} \text{ সে.মি.}$$

$$= \sqrt{576 + 49.014} \text{ সে.মি.}$$



$$= \sqrt{625.014} \text{ সে.মি.}$$


$$= 25 \text{ সে.মি. (প্রায়)}$$

∴ কোণকের হেলানো উচ্চতা 25 সে.মি. (প্রায়)। (Ans.)

প্রশ্ন ১৩ কোনো সমকোণী ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 5 সে.মি. এবং 3.5 সে.মি.। একে বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তার আয়তন নির্ণয় কর।

সমাধান : মনে করি, সমকোণী ত্রিভুজের অতিভুজ ভিনু অপর দুইটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 5 সে.মি. ও 3.5 সে.মি.

এখানে ত্রিভুজটিকে বৃহত্তর বাহুর চতুর্দিকে একবার ঘুরিয়ে আনলে সমবৃত্তাকার কোণক উৎপন্ন হবে।



ধরি, ঘনবস্তুর উচ্চতা,  $h = 5$  সে.মি.

এবং ভূমির ব্যাসার্ধ,  $r = 3.5$  সে.মি.

$$\therefore \text{ঘনবস্তুর আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন সে.মি.}$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times (3.5)^2 \times 5 \text{ ঘন সে.মি.}$$


$$= 64.141 \text{ ঘন সে.মি.}$$

$$= 64.14 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

∴ ঘনবস্তুর আয়তন 64.14 ঘন সে.মি.। (Ans.)

প্রশ্ন ১৪ 6 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি গোলকের পৃষ্ঠতল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : প্রথমতে, গোলকের ব্যাসার্ধ,  $r = 6$  সে.মি.



$$\therefore \text{গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} = 4\pi r^2 \text{ বর্গ একক}$$

$$= 4\pi (6)^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 452.39 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

$$\text{আবার, গোলকের আয়তন,} = \frac{4}{3} \pi r^3 \text{ ঘন সে.মি.}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times (6)^3 \text{ ঘন সে.মি.}$$

$$= 904.8 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

∴ গোলকের পৃষ্ঠতল 452.39 বর্গ সে.মি. (প্রায়) এবং আয়তন 904.8 ঘন সে.মি. (প্রায়)। (Ans.)

প্রশ্ন ১৫ 6, 8,  $r$  সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট তিনটি কঠিন কাচের বল গলিয়ে 9 সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি কঠিন গোলকে পরিণত করা হলো।  $r$  এর মান নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, তিনটি কাচের গোলকের ব্যাসার্ধ যথাক্রমে 6, 8 ও  $r$  সে.মি.।

আমরা জানি,  $a$  ব্যাসার্ধবিশিষ্ট গোলকের আয়তন  $= \frac{4}{3} \pi a^3$  ঘন একক

$$\therefore 6 \text{ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট কাচের বলের আয়তন} = \frac{4}{3} \pi (6)^3 \text{ ঘন সে.মি.}$$

$$\therefore 8 \text{ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট কাচের বলের আয়তন} = \frac{4}{3} \pi (8)^3 \text{ ঘন সে.মি.}$$

$$\therefore r \text{ ব্যাসার্ধবিশিষ্ট কাচের বলের আয়তন} = \frac{4}{3} \pi r^3 \text{ ঘন সে.মি.}$$

$$\therefore 9 \text{ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট নতুন গোলকের আয়তন} = \frac{4}{3} \pi (9)^3 \text{ ঘন সে.মি.}$$

$$\text{শর্তানুসারে, } \frac{4}{3} \pi (6)^3 + \frac{4}{3} \pi (8)^3 + \frac{4}{3} \pi (r)^3 = \frac{4}{3} \pi (9)^3$$

$$\text{বা, } \frac{4}{3} \pi \{(6)^3 + (8)^3 + (r)^3\} = \frac{4}{3} \pi (9)^3$$

$$\text{বা, } (6)^3 + (8)^3 + r^3 = (9)^3$$

$$\text{বা, } 216 + 512 + r^3 = 729$$

$$\text{বা, } r^3 = 729 - 728$$


$$\text{বা, } r^3 = 1$$

$$\therefore r = 1$$

$r$  এর নির্ণয় মান 1 সে.মি.।

প্রশ্ন ১৬ একটি ফাঁপা লোহার গোলকের বাইরের ব্যাস 13 সে.মি. এবং লোহার বেধ 2 সে.মি.। ঐ গোলকে ব্যবহৃত লোহা দিয়ে একটি নিরেট গোলক তৈরি করা হলো। তার ব্যাস কত হবে?

সমাধান :



মনে করি, নিরেট গোলকের ব্যাসার্ধ  $= r$  সে.মি.

$$\text{গোলকের বহিঃব্যাসার্ধ} = \frac{13}{2} = 6.5 \text{ সে.মি.}$$

$$\text{গোলকের বাইরের অংশের আয়তন} = \frac{4}{3} \pi (6.5)^3 \text{ ঘন সে.মি.}$$

$$\text{গোলকের অন্তঃব্যাসার্ধ} = (6.5 - 2) \text{ সে.মি.} = 4.5 \text{ সে.মি.}$$

$$\therefore \text{গোলকের ভেতরের অংশের আয়তন} = \frac{4}{3} \pi (4.5)^3 \text{ ঘন সে.মি.}$$

$$\text{শর্তমতে, } \frac{4}{3} \pi (6.5)^3 - \frac{4}{3} \pi (4.5)^3 = \frac{4}{3} \pi r^3$$

$$\text{বা, } (6.5)^3 - (4.5)^3 = r^3 \left[ \frac{4}{3} \pi \text{ দ্বারা ভাগ করে} \right]$$

$$\text{বা, } r^3 = 274.625 - 91.125$$

$$\text{বা, } r^3 = 183.5$$

$$\therefore r = 5.6826$$

∴ গোলকের ব্যাস  $= r \times 2$  সে.মি.

$$= 5.6826 \times 2 \text{ সে.মি.}$$


$$= 11.37 \text{ সে.মি. (প্রায়)}$$

নির্ণেয় গোলকের ব্যাস 11.37 সে.মি. (প্রায়)।

প্রশ্ন ১৭ ৥ 4 সে.মি. ব্যাসার্ধের একটি নিরেট গোলককে গলিয়ে 5 সে.মি. বহির্ব্যাসার্ধ বিশিষ্ট ও সমভাবে পূরব একটি ফাঁপা গোলক প্রস্তুত করা হলো। দ্বিতীয় গোলকটি কত পূরব?

সমাধান : মনে করি, দ্বিতীয় গোলকের পুরত্ব = r সে.মি.

∴ নিরেট গোলকের ব্যাসার্ধ = 4 সে.মি.



∴ নিরেট গোলকের আয়তন =  $\frac{4}{3} \pi (4)^3$  ঘন সে.মি.

২য় গোলকের বাইরের ব্যাসার্ধ = 5 সে.মি.

২য় " ভিতরের " = 5 - r সে.মি.

২য় " " আয়তন =  $\frac{4}{3} \pi (5 - r)^3$  ঘন সে.মি.

শর্তমতে,  $\frac{4}{3} \pi (4)^3 = \frac{4}{3} \pi (5)^3 - \frac{4}{3} \pi (5 - r)^3$

বা,  $(4)^3 = (5)^3 - (5 - r)^3$   $\left[ \frac{4}{3} \pi$  দ্বারা ভাগ করে

বা,  $64 = 125 - (5 - r)^3$

বা,  $(5 - r)^3 = 61$

বা,  $5 - r = 3.9365$  [ ঘনমূল করে ]

∴ r = 1.06

∴ দ্বিতীয় গোলকের পুরত্ব 1.06 সে.মি. (প্রায়)। (Ans.)

প্রশ্ন ১৮ ৥ একটি লোহার নিরেট গোলকের ব্যাসার্ধ 6 সে.মি.। এর লোহা থেকে 8 সে.মি. দৈর্ঘ্য ও 6 সে.মি. ব্যাসের কয়টি নিরেট সিলিন্ডার প্রস্তুত করা যাবে?

সমাধান : দেওয়া আছে,

নিরেট গোলকের ব্যাসার্ধ, r = 6 সে.মি.

নিরেট গোলকের আয়তন =  $\frac{4}{3} \pi (6)^3$  ঘন সে.মি. =  $\frac{4}{3} \pi \times 216$  ঘন সে.মি.

=  $288\pi$  ঘন সে.মি.

প্রস্তুতকৃত নিরেট সিলিন্ডারের ব্যাসার্ধ,  $r_1 = \frac{6}{2}$  সে.মি.

= 3 সে.মি.

এবং উচ্চতা, h = 8 সে.মি.

∴ 1 টি নিরেট সিলিন্ডারের আয়তন =  $\pi r^2 h$  ঘন একক

=  $\pi \times (3)^2 \times 8$  ঘন সে.মি.

=  $\pi \times 9 \times 8$  ঘন সে.মি.

=  $72\pi$  ঘন সে.মি.

মনে করি, নিরেট সিলিন্ডারের সংখ্যা = r টি

∴ r সংখ্যক নিরেট সিলিন্ডারের আয়তন =  $72\pi \times r$  ঘন সে.মি.

শর্তমতে,  $72\pi r = 288\pi$

বা,  $r = \frac{288\pi}{72\pi}$

∴ r = 4

4টি নিরেট সিলিন্ডার তৈরি করা যাবে। (Ans.)

প্রশ্ন ১৯ ৥  $\frac{22}{\pi}$  সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি গোলক আকৃতির বল একটি ঘনক আকৃতির বাস্কে ঠিকভাবে এটে যায়। বাস্কটির অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে,

গোলকের ব্যাসার্ধ, r =  $\frac{22}{\pi}$  সে.মি.

= 7.0028 সে.মি.

এখানে, গোলকের ব্যাস = ঘনকের এক বাহুর দৈর্ঘ্য।

∴ ঘনকের এক বাহুর দৈর্ঘ্য =  $(2 \times 7.0028)$  সে.মি.

= 14.0056 সে.মি.

গোলকের আয়তন =  $\frac{4}{3} \times \pi \times (7.0028)^3$  ঘন সে.মি.

= 1438.48 ঘন সে.মি.

ঘনকের আয়তন = (বাহু)<sup>3</sup>

=  $(14.0056)^3$  ঘন সে.মি.

= 2747.294 ঘন সে.মি.

∴ বাস্কটির অনধিকৃত অংশের আয়তন

=  $(2747.294 - 1438.48)$  ঘন সে.মি.

= 1308.82 ঘন সে.মি.

∴ বাস্কটির অনধিকৃত অংশের আয়তন 1308.82 ঘন সে.মি.। (Ans.)

প্রশ্ন ২০ ৥ 13 সে.মি. ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলকের কেন্দ্র থেকে 12 সে.মি. দূরবর্তী কোনো বিন্দুর মধ্য দিয়ে ব্যাসের উপর লম্ব সমতল গোলকটিকে ছেদ করে। উৎপন্ন তলটির ক্ষেত্রফল নির্ণয় কর।

সমাধান : এখানে, গোলকের ব্যাসার্ধ r = 13 সে.মি.

দূরত্ব, h = 12 সে.মি.

উৎপন্ন সমতলের ব্যাসার্ধ =  $\sqrt{r^2 - h^2}$  একক

=  $\sqrt{(13)^2 - (12)^2}$

সে.মি.

=  $\sqrt{169 - 144}$

সে.মি.

=  $\sqrt{25}$  সে.মি.

= 5 সে.মি.

সমতলের ক্ষেত্রফল =  $\pi r^2$  বর্গ একক

=  $\pi (5)^2$  বর্গ সে.মি.

=  $3.1416 \times 25$  বর্গ সে.মি.

= 78.54 বর্গ সে.মি.


∴ উৎপন্ন তলটির ক্ষেত্রফল 78.5 বর্গ সে.মি. (প্রায়)। (Ans.)

প্রশ্ন ২১ ৥ একটি ঢাকনায়ুক্ত কাঠের বাস্কের বাইরের দৈর্ঘ্য ও প্রস্থ যথাক্রমে 1.6 মি. ও 1.2 মি., উচ্চতা 0.8 মি. এবং এর কাঠ 3 সে.মি. পূরব। বাস্কটির ভিতরের তলের ক্ষেত্রফল কত? প্রতি ক্রমিটার 14.44 টাকা হিসাবে বাস্কের ভিতর রং করতে কত খরচ হবে?

সমাধান : বাস্কের বাইরের দৈর্ঘ্য = 1.6 মিটার = 160 সে.মি.

∴ বাস্কের ভিতরের দৈর্ঘ্য, a =  $(160 - 2 \times 3)$  সে.মি.

= 154 সে.মি.



বাক্সের বাইরের প্রস্থ = 1.2 মিটার = 120 সে.মি.

বাক্সের ভিতরের প্রস্থ  $b = (120 - 2 \times 3)$  সে.মি.  
= 114 সে.মি.

বাক্সের বাইরের উচ্চতা = 0.8 মিটার = 80 সে.মি.

বাক্সের ভিতরের উচ্চতা  $c = (80 - 2 \times 3)$  সে.মি.  
= 74 সে.মি.


∴ বাক্সের ভিতরের তলের মোট ক্ষেত্রফল  
=  $2(ab + bc + ca)$  বর্গ একক  
=  $2(154 \times 114 + 114 \times 74 + 74 \times 154)$  বর্গ সে.মি.  
=  $2(17556 + 8436 + 11396)$  বর্গ সে.মি.  
=  $2 \times 37388$  বর্গ সে.মি.  
= 74776 বর্গ সে.মি.  
= 7.4776 বর্গমিটার (প্রায়)

বাক্সটির রং করতে খরচ হবে =  $(7.4776 \times 14.44)$  টাকা = 107.98 টাকা

∴ বাক্সটির ভিতরের তলের ক্ষেত্রফল 7.48 বর্গমিটার (প্রায়) এবং খরচ হবে 107.98 টাকা (Ans.)

প্রশ্ন ১২২ ১২০ মি. দৈর্ঘ্য ও ৯০ মি. প্রস্থবিশিষ্ট (বহির্মাপ) আয়তাকার বাগানের চতুর্দিকে ২ মি. উঁচু ও ২৫ সে.মি. পুরন প্রাচীর নির্মাণ করতে ২৫ সে.মি. দৈর্ঘ্য, ১২.৫ সে.মি. প্রস্থ এবং ৮ সে.মি. বেধবিশিষ্ট কতগুলো ইট লাগবে?

সমাধান :



প্রাচীরের পুরুত্ব = ২৫ সে.মি. = 0.25 মি.

প্রতি পাশের দৈর্ঘ্য বরাবর প্রাচীরের ক্ষেত্রফল বা EFCG এর ক্ষেত্রফল =  $(120 \times 0.25)$  বর্গ মি. = 30 বর্গ মি.

প্রতি পাশের প্রস্থ বরাবর প্রাচীর এর ক্ষেত্রফল বা ABCD এর ক্ষেত্রফল =  $\{90 - (2 \times 0.25)\} \times 0.25 = 22.375$  বর্গ মি.

∴ মোট প্রাচীরের ক্ষেত্রফল =  $\{(30 + 22.375) \times 2\}$  বর্গমিটার  
= 104.75 বর্গমি.

∴ প্রাচীর এর আয়তন =  $(104.75 \times 2)$  ঘন মি.  
= 209.5 ঘন মি.

ইটের দৈর্ঘ্য = ২৫ সে.মি. = 0.25 মি.

” প্রস্থ = ১২.৫ সে.মি. = 0.125 মি.

” বেধ = ৮ সে.মি. = 0.08 মি.

∴ একটি ইটের আয়তন =  $(0.25 \times 0.125 \times 0.08)$  ঘন মি.  
= 0.0025 ঘন মি.

∴ প্রয়োজনীয় ইটের সংখ্যা =  $\frac{\text{প্রাচীরের আয়তন}}{\text{একটি ইটের আয়তন}}$   
=  $\frac{209.5}{0.0025}$  টি  
= 83800 টি (Ans.)

প্রশ্ন ১২৩ ১ একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ৪ : ৩ এবং এর আয়তন ২৩০৪ ঘন সে.মি। প্রতি বর্গসেন্টিমিটারে ১০ টাকা হিসেবে ঐ বস্তুর তলায় সিসার প্রলেপ দিতে ১৯২০ টাকা খরচ হলে, ঐ বস্তুর মাত্রাগুলো নির্ণয় কর।

সমাধান : আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ৪ : ৩

মনে করি, দৈর্ঘ্য =  $4x$  এবং প্রস্থ =  $3x$

এখানে,  $x$  একটি স্বাভাবিক সংখ্যা

ধরি, উচ্চতা =  $c$  সে.মি.

∴ আয়তন =  $4x \times 3x \times c$

প্রশ্নমতে,  $4x \times 3x \times c = 2304$

বা,  $12x^2c = 2304$  ..... (i)

১০ টাকা খরচ হয় ১ বর্গ সে. মি. এ

∴ ১৯২০ টাকা খরচ হয় =  $\frac{1920}{10}$  বর্গ সেন্টিমিটার  
= 192 বর্গ সেন্টিমিটার

∴ ঐ বস্তুর তলার ক্ষেত্রফল 192 বর্গ সে.মি.

শর্তমতে,  $4x \times 3x = 192$

বা,  $12x^2 = 192$

বা,  $x^2 = 16$

∴  $x = 4$

∴ দৈর্ঘ্য =  $4x = 4 \times 4$  সে.মি.

= 16 সে.মি.

প্রস্থ =  $3x = 3 \times 4$  সে.মি.

= 12 সে.মি.

(i) নং সমীকরণে  $x$  এর মান বসিয়ে পাই,

$12 \times 4^2 \times c = 2304$

বা,  $12 \times 16 \times c = 2304$

∴  $c = \frac{2304}{12 \times 16} = 12$  সে.মি.

∴ বস্তুর দৈর্ঘ্য 16 সে.মি., প্রস্থ 12 সে.মি. এবং উচ্চতা 12 সে.মি. (Ans.)

প্রশ্ন ১২৪ ১ কোণক আকারের একটি তাঁবুর উচ্চতা ৭.৫ মিটার। এই তাঁবু দ্বারা ২০০০ বর্গমিটার জমি ঘিরতে চাইলে কি পরিমাণ ক্যানভাস লাগবে?

সমাধান : ধরি, তাঁবুর ভূমির ব্যাসার্ধ =  $r$

∴ ভূমির ক্ষেত্রফল =  $\pi r^2$

দেওয়া আছে,

কোণক আকারের তাঁবুর উচ্চতা  $h = 7.5$  মিটার এবং

ভূমির ক্ষেত্রফল = ২০০০ বর্গমিটার

শর্তমতে,  $\pi r^2 = 2000$

বা,  $r^2 = \frac{2000}{\pi}$


বা,  $r^2 = \frac{2000}{3.1416}$

বা,  $r^2 = 636.61$

∴  $r = 25.23$  মিটার

এখন, তাঁবুর হেলানো তলের দৈর্ঘ্য  $l$  হলে

∴  $l = \sqrt{h^2 + r^2}$  একক



$$= \sqrt{(7.5)^2 + (25.23)^2} \text{ মিটার}$$

$$= \sqrt{692.8029} \text{ মিটার}$$

$$= 26.321 \text{ মিটার}$$

আমরা জানি,

$$\text{বক্রতলের ক্ষেত্রফল} = \pi r l \text{ বর্গ একক}$$


$$= 3.1416 \times 25.23 \times 26.321 \text{ বর্গমিটার}$$

$$= 2086.27 \text{ বর্গমি. (প্রায়)}$$

নির্ণেয় প্রয়োজনীয় ক্যানভাস 2086.27 বর্গমিটার (প্রায়)।

প্রশ্ন ১২৫ ৥ একটি পঞ্চভুজাকার প্রিজমের দুইটি বাহুর দৈর্ঘ্য যথাক্রমে 6 সে.মি. ও 8 সে.মি. এবং অপর তিনটি বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য 10 সে.মি., উচ্চতা 12.5 সে.মি.। প্রিজমটির সমগ্রতলের বেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : আমরা জানি, প্রিজমের নামকরণে এর ভূমি তলের নামের উপর নির্ভর করা হয়। যেহেতু প্রিজমের ভূমি একটি পঞ্চভুজ।



∴ প্রিজমটি পঞ্চভুজাকার।

দেওয়া আছে, ABCDE পঞ্চভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য 10 সে.মি. এবং দুইটি বাহুর দৈর্ঘ্য 6 সে.মি. ও 8 সে.মি.।

চিত্র হতে পাই, AB = BC = CD = 10 সে.মি.

AE = 8 সে.মি. এবং DE = 6 সে.মি.

পঞ্চভুজাকার প্রিজমটির ভূমি ABCD বর্গ এবং ΔADE এর সমন্বয়ে গঠিত।

∴ ABCD বর্গক্ষেত্রের ক্ষেত্রফল = (10)<sup>2</sup> সে.মি. = 100 বর্গ সে.মি.

ΔADE এ, AD = 10 সে.মি.

∴ ত্রিভুজটির অর্ধপরিসীমা, s =  $\frac{8+6+10}{2}$  সে.মি. = 12 সে.মি.

$$\Delta ADE \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{s(s-a)(s-b)(s-c)} \text{ বর্গ একক}$$

$$= \sqrt{12(12-8)(12-6)(12-10)} \text{ বর্গ সে.মি.}$$

$$= \sqrt{12 \times 4 \times 6 \times 2} \text{ বর্গ সে.মি.}$$

$$= \sqrt{576} \text{ বর্গ সে.মি.}$$

$$= 24 \text{ বর্গ সে.মি.}$$

এখানে, প্রিজমের উচ্চতা, h = 12.5 সে.মি.

$$\text{প্রিজমের ভূমির পরিসীমা} = (10 \times 3 + 8 + 6) \text{ সে.মি.}$$

$$= 44 \text{ সে.মি.}$$

আমরা জানি, প্রিজমের সমগ্রতলের ক্ষেত্রফল

$$= 2(\text{ভূমির ক্ষেত্রফল}) + \text{ভূমির পরিসীমা} \times \text{উচ্চতা}$$

$$= 2(100 + 24) + 44 \times 12.5 \text{ বর্গ সে.মি.}$$

$$= 2 \times 124 + 550 \text{ বর্গ সে.মি.}$$

$$= 798 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

এবং প্রিজমের আয়তন = ভূমির ক্ষেত্রফল × উচ্চতা

$$= (100 + 24) \times 12.5 \text{ ঘন সে.মি.}$$


$$= 124 \times 12.5 \text{ ঘন সে.মি.}$$

$$= 1550 \text{ ঘন সে.মি. (Ans.)}$$

প্রশ্ন ১২৬ ৥ 4 সে.মি. বাহুবিশিষ্ট একটি সুসম ষড়ভুজাকার প্রিজমের উচ্চতা 5 সে.মি.। ইহার সমগ্রতলের বেত্রফল ও আয়তন বের কর।

সমাধান : দেওয়া আছে,

সুসম ষড়ভুজাকার একটি প্রিজমের প্রতি বাহুর দৈর্ঘ্য a = 4 সে.মি., উচ্চতা h = 5 সে.মি.



সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় :

$$\text{প্রিজমটির ভূমির পৃষ্ঠতলের ক্ষেত্রফল} = 6 \times \frac{\sqrt{3}}{4} a^2 \text{ বর্গ একক}$$

$$= 6 \times \frac{\sqrt{3}}{4} \times (4)^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 41.569 \text{ বর্গ সে.মি.}$$

$$\text{প্রিজমটির পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল} = 6 \times a \times h \text{ বর্গ একক}$$

$$= 6 \times 4 \times 5 \text{ বর্গ সে.মি.}$$

$$= 120 \text{ বর্গ সে.মি.}$$

∴ প্রিজমটির সমগ্রতলের ক্ষেত্রফল

$$= 2(\text{ভূমির পৃষ্ঠতলের ক্ষেত্রফল}) + \text{পার্শ্বতলগুলোর ক্ষেত্রফল}$$

$$= 2(41.569) + 120 \text{ বর্গ সে.মি.}$$

$$= 203.138 \text{ বর্গ সে.মি.}$$

$$\text{আয়তন : প্রিজমের আয়তন} = 6 \times \frac{\sqrt{3}}{4} a^2 \times h \text{ ঘন সে.মি.}$$


$$= 6 \times \frac{\sqrt{3}}{4} \times (4)^2 \times 5 \text{ ঘন সে.মি.}$$

$$= 207.85 \text{ ঘন সে.মি.}$$

নির্ণেয় ক্ষেত্রফল 203.14 বর্গ সে.মি. এবং আয়তন 207.85 ঘন সে.মি.

প্রশ্ন ১২৭ ৥ 6 সে.মি. বাহুবিশিষ্ট সুসম ষড়ভুজের উপর অবস্থিত একটি পিরামিডের উচ্চতা 10 সে.মি.। ইহার সমগ্রতলের বেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : সুসম ষড়ভুজাকার পিরামিডের ভূমির বাহুর দৈর্ঘ্য a = 6 সে.মি. উচ্চতা h = 10 সে.মি.



সুষম ষড়ভুজের প্রতি দুইটি বাহুর মধ্যবর্তী কোণ  $120^\circ$  এবং প্রতিটি কৌণিক বিন্দু থেকে এর কেন্দ্র বিন্দুর সংযোগ রেখাটি ঐ কোণকে সমদ্বিখন্ডিত করে। ছয়টি কৌণিক বিন্দুর সাথে কেন্দ্রবিন্দুর সংযোগে ছয়টি সমান ক্ষেত্রফলের সমবাহু ত্রিভুজ পাওয়া যায়।

$$\begin{aligned} \therefore \text{ভূমির ক্ষেত্রফল} &= 6 \times \frac{\sqrt{3}}{4} \times a^2 \text{ বর্গ একক} \\ &= 6 \times \frac{\sqrt{3}}{4} \times 6^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 93.531 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \text{কেন্দ্র হতে বাহুগুলোর লম্ব দূরত্ব } r &= \sqrt{6^2 - \left(\frac{1}{2} \times 6\right)^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{36 - 9} \text{ সে.মি.} \\ &= \sqrt{27} \text{ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \text{পিরামিডের হেলানো উচ্চতা } l &= \sqrt{x^2 + r^2} \text{ একক} \\ &= \sqrt{(10)^2 + (\sqrt{27})^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{127} \text{ সে.মি.} \\ &= 11.269 \text{ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

সমগ্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= (\text{ভূমির ক্ষেত্রফল}) + \frac{1}{2} (\text{ভূমির পরিধি} \times \text{হেলানো উচ্চতা}) \\ &= 93.531 + \frac{1}{2} (6 \times 6 \times 11.269) \text{ বর্গ সে.মি.} \\ &= 296.373 \text{ বর্গ সে.মি.} \\ &= 296.373 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

$$\begin{aligned} \text{আয়তন} &= \frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা} \\ &= \frac{1}{3} \times 93.531 \times 10 \text{ ঘন সে.মি.} \\ &= 311.77 \text{ ঘন সে.মি.} \end{aligned}$$

সমগ্রতলের ক্ষেত্রফল 296.37 বর্গ সে.মি. (প্রায়) ও আয়তন 311.77 ঘন সে.মি.। (প্রায়) (Ans.)

প্রশ্ন ১২৮ ৥ একটি সুষম চতুস্তলকের যেকোনো ধারের দৈর্ঘ্য ৪ সে.মি. হলে, ইহার সমগ্রতলের বেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : দেওয়া আছে, একটি সুষম চতুস্তলকের যেকোনো ধারের দৈর্ঘ্য = ৪ সে.মি.

আমরা জানি, সুষম চতুস্তলক এক ধরনের পিরামিড যা চারটি সমবাহু ত্রিভুজ দ্বারা গঠিত।

$$\begin{aligned} \therefore \text{চতুস্তলকের ভূমির ক্ষেত্রফল} &= \text{সমবাহু ত্রিভুজের ক্ষেত্রফল} \\ &= \frac{\sqrt{3}}{4} \times a^2 \text{ বর্গ একক [a = বাহুর দৈর্ঘ্য]} \end{aligned}$$

$$= \frac{\sqrt{3}}{4} \times 8^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 27.713 \text{ বর্গ সে.মি.}$$

$$\begin{aligned} \text{সুষম চতুস্তলকের সমগ্রতলের ক্ষেত্রফল} &= (4 \times 27.713) \text{ বর্গ সে.মি.} \\ &= 110.842 \text{ বর্গ সে.মি.} \\ &= 110.85 \text{ বর্গ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

চতুস্তলকের ত্রিভুজাকৃতি ভূমির লম্ব উচ্চতা h হলে,

$$\begin{aligned} 8^2 &= 4^2 + h^2 \\ \text{বা, } h^2 &= 8^2 - 4^2 \\ \text{বা, } h^2 &= 64 - 16 \\ \text{বা, } h^2 &= 48 \\ \text{বা, } h &= \sqrt{48} \\ \therefore h &= 6.93 \end{aligned}$$

এবং ত্রিভুজটির পরিবৃত্তের ব্যাস x সে.মি. হলে ব্রহ্মগুণ্ডের উপপাদ্য হতে পাই,

$$8 \times 8 = x \times h$$

$$\text{বা, } 64 = x \times 6.93$$

$$\text{বা, } x = \frac{64}{6.93}$$

$$\therefore x = 9.24$$

$$\therefore \text{ব্যাসার্ধ} = \frac{x}{2} = \frac{9.24}{2} = 4.62 \text{ সে.মি.}$$

$\therefore$  চতুস্তলকের উচ্চতা H হলে,

$$\begin{aligned} 8^2 &= H^2 + (4.62)^2 \\ \text{বা, } H^2 &= 64 - 21.34 \\ \text{বা, } H^2 &= 42.66 \\ \text{বা, } H &= \sqrt{42.66} \\ \therefore H &= 6.53 \end{aligned}$$

$$\therefore \text{চতুস্তলকের আয়তন} = \frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$


$$\begin{aligned} &= \frac{1}{3} \times 27.713 \times 6.53 \text{ ঘন সে.মি.} \\ &= 60.32 \text{ ঘন সে.মি. (প্রায়)} \end{aligned}$$

সমগ্রতলের ক্ষেত্রফল 110.85 বর্গ সে.মি., আয়তন 60.32 ঘন সে.মি. (প্রায়) (Ans.)

প্রশ্ন ১২৯ ৥ একটি স্থাপনার নিচের অংশ 3 মি. দৈর্ঘ্য আয়তাকার ঘনবস্তু ও উপরের অংশ সুষম পিরামিড। পিরামিডের ভূমির বাহুর দৈর্ঘ্য 2 মি. এবং উচ্চতা 3 মি. হলে স্থাপনাটির সমগ্রতলের বেত্রফল ও আয়তন নির্ণয় কর।

সমাধান : এখানে, পিরামিডের ভূমির বাহুর দৈর্ঘ্য 2 মিটার হওয়ায় আয়তাকার দৈর্ঘ্য 2 মিটার হওয়ায় আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য ও প্রস্থ উভয় 2 মিটার।

অর্থাৎ পিরামিডের ভূমি এবং আয়তাকার ঘনবস্তুর ভূমি হলো বর্গাকৃতি।



$$\begin{aligned} \text{তাহলে, আয়তাকার ঘনবস্তুর ভূমির ক্ষেত্রফল} \\ &= \text{ভূমির দৈর্ঘ্য} \times \text{ভূমির প্রস্থ} \end{aligned}$$


$$= 2 \times 2 \text{ বর্গমিটার}$$

$$= 4 \text{ বর্গমিটার}$$

আয়তাকার ঘনবস্তুর আয়তাকার তলের ক্ষেত্রফল

$$= 3 \times 2 \text{ বর্গমিটার} = 6 \text{ বর্গমিটার}$$

আবার, পিরামিডের ক্ষেত্রে—



এখানে,  $AB = BC = CD = AD = 2$  মি.

$$OE = 3 \text{ মিটার}$$

$$AC = BD = \sqrt{2} \times 2 = 2\sqrt{2} \text{ মিটার}$$

পিরামিডের ভূমির ক্ষেত্রফল = ABCD বর্গের ক্ষেত্রফল

$$= 2 \times 2 \text{ বর্গ মি.}$$

$$= 4 \text{ বর্গ মি.}$$

$$\triangle ABO \text{ এ } \angle BOE = 90^\circ \text{ এবং } OB = \frac{1}{2} BD$$

$$= \frac{1}{2} \times 2\sqrt{2}$$

$$= \sqrt{2} \text{ মি.}$$

$$\therefore BE = \sqrt{BO^2 + OE^2} = \sqrt{(\sqrt{2})^2 + 3^2} = \sqrt{11} \text{ মিটার}$$

অর্থাৎ  $AE = BE = CE = DE = \sqrt{11}$  মি.

$\therefore$  পিরামিডের ত্রিভুজাকার তলের ক্ষেত্রফল

$$= \frac{BC}{4} \sqrt{4BE^2 - BC^2}$$

$$= \frac{2}{4} \sqrt{4(\sqrt{11})^2 - 2^2} \text{ বর্গমিটার}$$

$$= \frac{1}{2} \sqrt{44 - 4} \text{ বর্গমিটার}$$

$$= \sqrt{10} \text{ বর্গমিটার}$$

সুতরাং স্থাপনাটির সমগ্রতলের ক্ষেত্রফল = আয়তাকার ঘনবস্তুর ভূমির ক্ষেত্রফল

$$+ 4 \times \text{আয়তাকার তলের ক্ষেত্রফল} + 4 \times \text{ত্রিভুজাকার তলের ক্ষেত্রফল} = (4 +$$

$$4 \times 6 + 4 \times \sqrt{10}) \text{ বর্গমিটার} = 40.65 \text{ বর্গমিটার}$$

এবং স্থাপনাটির আয়তন

$$= \text{আয়তাকার ঘনবস্তুর আয়তন} + \text{পিরামিডের আয়তন}$$

$$= \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ} \times \text{উচ্চতা} + \frac{1}{3} \times \text{পিরামিডের ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$


$$= 2 \times 2 \times 3 + \frac{1}{3} \times (2 \times 2) \times 3 \text{ ঘনমিটার}$$

$$= 16 \text{ ঘনমিটার}$$

$\therefore$  ক্ষেত্রফল 40.65 বর্গমিটার, আয়তন 16 ঘনমিটার। (Ans.)

প্রশ্ন ১৩০ ২৫ মি. দৈর্ঘ্য ও 18 মি. প্রস্থবিশিষ্ট ভূমির উপর অবস্থিত দোচালা গুদাম ঘরের দেয়ালের উচ্চতা 5 মি. প্রতিটি চালার প্রস্থ 14 মি. হলে গুদাম ঘরটির আয়তন নির্ণয় কর।

সমাধান :



চিত্র থেকে পাই, দোচালা গুদাম ঘরটির নিচের অংশ একটি আয়তাকার ঘনবস্তু এবং উপরের অংশ একটি ত্রিভুজাকার প্রিজম।

$\therefore$  ঘনবস্তুর দৈর্ঘ্য  $a = 25$  মিটার, প্রস্থ  $b = 18$  মিটার এবং উচ্চতা  $c = 5$  মিটার এবং প্রিজমের উচ্চতা = ঘনবস্তুর দৈর্ঘ্য = 25 মিটার।

[  $\therefore$  প্রিজমের উচ্চতা = চালার দৈর্ঘ্য ]

প্রিজমের ভূমির একটি বাহু = ঘনবস্তুর প্রস্থ = 18 মিটার

প্রশ্নমতে, প্রিজমের ভূমির অপর একটি বাহুর দৈর্ঘ্য = প্রতিটি চালার প্রস্থ = 14 মিটার

আমরা জানি, ঘনবস্তুর আয়তন =  $abc$  ঘন একক

$$= (25 \times 18 \times 5) \text{ ঘনমিটার}$$

$$= 2250 \text{ ঘনমিটার}$$

এবং সমদ্বিবাহু ত্রিভুজের ক্ষেত্রফল =  $\frac{b}{4} \sqrt{4a^2 - b^2}$  বর্গ একক

[যেখানে  $a$  সমান বাহুদ্বয়]

$$\therefore \text{প্রিজমের ভূমির ক্ষেত্রফল} = \frac{18}{4} \sqrt{(4 \cdot 14^2 - 18^2)} \text{ বর্গ সে.মি.}$$

$$= \frac{18}{4} \sqrt{(784 - 324)} \text{ বর্গ সে.মি.}$$

$$= 96.51 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

আবার, প্রিজমের আয়তন = ভূমির ক্ষেত্রফল  $\times$  উচ্চতা

$$= 96.51 \times 25 \text{ ঘনমিটার}$$


$$= 2412.75 \text{ ঘনমিটার (প্রায়)}$$

$\therefore$  দোচালা গুদাম ঘরটির আয়তন = ঘনবস্তুর আয়তন + প্রিজমের আয়তন

$$= (2250 + 2412.75) \text{ ঘনমিটার}$$

$$= 4662.75 \text{ ঘনমিটার (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন ১৩১ ১১



ক. চিত্রের ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

খ. ঘনবস্তুর কর্ণের সমান ধারবিশিষ্ট একটি ধাতব ঘনককে গলিয়ে 1.8 সে.মি. ব্যাসবিশিষ্ট কতগুলো নিরেট গোলক উৎপন্ন করা যাবে তা নিকটতম পূর্ণসংখ্যায় নির্ণয় কর।

গ. ঘনবস্তুর ABCD তলের সমান একটি আয়তক্ষেত্রকে বৃহত্তর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয়, তার সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর।

সমাধান :

ক. চিত্র হতে আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য,  $a = 8$  সে.মি.

” ” ” ” প্রস্থ,  $b = 5$  সে.মি.

” ” ” ” উচ্চতা,  $c = 3$  সে.মি.

∴ ঘনবস্তুটির সমগ্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= 2(ab + bc + ca) \text{ বর্গ একক} \\ &= 2(8 \times 5 + 5 \times 3 + 3 \times 8) \text{ বর্গ সে.মি.} \\ &= 158 \text{ বর্গ সে.মি. (Ans.)} \end{aligned}$$

খ. ঘনবস্তুটির কর্ণের দৈর্ঘ্য  $d = \sqrt{a^2 + b^2 + c^2}$  একক

$$\begin{aligned} &= \sqrt{(8)^2 + (5)^2 + (3)^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{64 + 25 + 9} \text{ সে.মি.} \\ &= \sqrt{98} \text{ সে.মি.} \\ &= 9.9 \text{ সে.মি.} \end{aligned}$$

∴ নিরেট ঘনকটির আয়তন  $= (9.9)^3$  ঘন সে.মি.

$$= 970.299 \text{ ঘন সে.মি.}$$

নিরেট গোলকের ব্যাসার্ধ,  $r = \frac{1.8}{2}$  সে.মি.  $= 0.9$  সে.মি.

1.8 সে.মি. ব্যাসবিশিষ্ট গোলকের আয়তন

$$\begin{aligned} &= \frac{4}{3} \pi (0.9)^3 \text{ ঘন সে.মি.} \\ &= 3.0536 \text{ ঘন সে.মি.} \end{aligned}$$

সুতরাং, 1.8 সে. মি. ব্যাসবিশিষ্ট নিরেট গোলকের সংখ্যা

$$\begin{aligned} &= \frac{970.299}{3.0536} \text{ টি} \\ &= 317.756 \text{ টি} \\ &= 318 \text{ টি (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ. ঘনবস্তুটির ABCD তলের সমান একটি আয়তক্ষেত্রের বৃহত্তর বাহুর চারদিকে ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তা হলো সিলিন্ডার।

এখানে, সিলিন্ডারের ব্যাসার্ধ 5 সে.মি. এবং উচ্চতা 8 সে.মি.

∴ সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= 2\pi r (h + r) \text{ বর্গ একক} \\ &= 2\pi \times 5 \times (8 + 5) \text{ বর্গ সে.মি.} \\ &= 408.40 \text{ বর্গ সে.মি.} \end{aligned}$$

সিলিন্ডারের আয়তন  $= \pi r^2 h$  ঘন একক

$$\begin{aligned} &= 3.1416 \times (5)^2 \times 8 \text{ ঘন সে.মি.} \\ &= 628.32 \text{ ঘন সে.মি. (Ans.)} \end{aligned}$$

প্রশ্ন ১৩২ ৥ একটি সমবৃত্তভূমিক কোণাকৃতির তাঁবুর উচ্চতা 8 মিটার এবং এর ভূমির ব্যাস 50 মিটার।


ক. তাঁবুটির হেলানো উচ্চতা নির্ণয় কর।

খ. তাঁবুটি স্থাপন করতে কত বর্গমিটার জমির প্রয়োজন হবে? তাঁবুটির ভিতরের শূন্যস্থানের পরিমাণ নির্ণয় কর।

গ. তাঁবুটির প্রতি বর্গমিটার ক্যানভাসের মূল্য 125 টাকা হলে ক্যানভাস বাবদ কত খরচ হবে?

সমাধান :

ক.



চিত্রানুসারে  $\triangle ABC$  এ  $AB = 8$  মি.

$$BC = r = 25 \text{ মি.}$$

$$\angle ABC = 90^\circ$$

$$\begin{aligned} \therefore AC^2 &= AB^2 + BC^2 \\ &= (8)^2 + (25)^2 \\ &= 64 + 625 = 689 \end{aligned}$$

$$\therefore AC = \sqrt{689} \text{ মিটার} = 26.25 \text{ মিটার}$$

হেলানো উচ্চতা  $= 26.25$  মিটার (Ans.)

খ. তাঁবুটির ভূমির ক্ষেত্রফল  $= \pi r^2$  বর্গ একক

$$\begin{aligned} &= \pi (25)^2 \text{ বর্গ মি. } [\because BC = r] \\ &= 3.1416 \times 625 \text{ বর্গ মি.} \\ &= 1963.5 \text{ বর্গ মি.} \end{aligned}$$

∴ তাঁবুটি স্থাপন করতে 1963.5 বর্গ মিটার ভূমির প্রয়োজন হবে।

আবার তাঁবুটির ভিতরের শূন্যস্থানের পরিমাণ

$$\begin{aligned} &= \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক} \\ &= \frac{1}{3} \times 3.1416 \times (25)^2 \times 8 \text{ ঘন সে.মি.} \quad [h = 8] \\ &= 5235.9877 \text{ ঘন সে.মি.} \\ &= 5236 \text{ ঘন মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ. তাঁবুটির হেলানো উচ্চতা  $l$  হলে এর পৃষ্ঠের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \pi r l \text{ বর্গ সে.মি.} \\ &= 3.1416 \times 25 \times 26.25 \text{ বর্গমি. } [\because AC = l] \\ &= 2061.675 \text{ বর্গমিটার} \end{aligned}$$

দেওয়া আছে, প্রতি বর্গমিটার ক্যানভাসের মূল্য 125 টাকা

∴ ক্যানভাসের মোট মূল্য =  $(125 \times 2061.675)$  টাকা

= 257709.375 টাকা

= 257709.38 টাকা (প্রায়) (Ans.)

## MCQ 2015 to 2020

১.



চিত্রে  $AB = CD = 6$  cm এবং ইহার সিলিন্ডার আকৃতির অংশের ব্যাসার্ধ 2cm হলে ক্যাপসুলের আয়তন কত ?


- ক) 92.15 cc      খ) 108.90 cc  
গ) 152.66 cc      ঘ) 180.90 cc

২. 5 সে. মি. বাহু বিশিষ্ট বর্গাকার ভূমির উপর অবস্থিত একটি পিরামিডের উচ্চতা 6 সে. মি.। এর আয়তন কত ?

- ক) 40 ঘন সে. মি.      খ) 50 ঘন সে. মি.  
গ) 150 ঘন সে. মি.      ঘ) 750 ঘন সে. মি.

৩. 3 সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলকের আয়তন কত ?

- ক) 21.21 ঘন সে. মি. (প্রায়)      খ) 37.70 ঘন সে. মি. (প্রায়)  
গ) 63.62 ঘন সে. মি. (প্রায়)      ঘ) 113.10 ঘন সে. মি. (প্রায়)



৪. চিত্রে  $h = 12$  সে. মি. এবং  $r = 5$  সে. মি.। বক্রতলের ক্ষেত্রফল কত ?

- ক) 31.42 বর্গসে. মি. (প্রায়)      খ) 78.54 বর্গসে. মি. (প্রায়)  
গ) 204.20 বর্গসে. মি. (প্রায়)      ঘ) 942.48 বর্গসে. মি. (প্রায়)

৫. একটি পিরামিডের ভূমির ক্ষেত্রফল 4 বর্গসে. মি. এবং উচ্চতা 3 সে. মি. হলে পিরামিডের আয়তন কত ?

- ক) 12 ঘন সে. মি.      খ) 6 ঘন সে. মি.  
গ) 4 ঘন সে. মি.      ঘ) 3.5 ঘন সে. মি.

৬. একটি সুস্থম চতুস্তলকের যে কোনো ধারের দৈর্ঘ্য 3 cm হলে এর সমগ্রতলের ক্ষেত্রফল কত ?

- ক)  $\frac{9\sqrt{3}}{4} \text{ cm}^2$       খ)  $\frac{27}{4} \text{ cm}^2$   
গ)  $9\sqrt{3} \text{ cm}^2$       ঘ)  $27 \text{ cm}^2$

৭. 15 সে. মি. বাহু বিশিষ্ট বর্গাকার ভূমির উপর অবস্থিত একটি পিরামিডের উচ্চতা 20 সে. মি. হলে এর আয়তন কত ?

[রা. বো. ১৯]

ক) 4500 ঘন সে. মি.      খ) 2250 ঘন সে. মি.

গ) 1500 ঘন সে. মি.      ঘ) 1200 ঘন সে. মি.

৮. একটি সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা 3 সে. মি. এবং ব্যাসার্ধ 5 সে. মি. হলে কোণকের আয়তন কত ?

- ক) 78.54 ঘন সে. মি. (প্রায়)      খ) 62.83 ঘন সে. মি. (প্রায়)  
গ) 47.12 ঘন সে. মি. (প্রায়)      ঘ) 37.70 ঘন সে. মি. (প্রায়)

৯. 6 সে. মি. ব্যাসার্ধ বিশিষ্ট একটি গোলকাকৃতি বল একটি ঘনকাকৃতির বাস্তে ঠিকভাবে ঐটে যায়। বাস্তটির অনধিকৃত অংশের আয়তন কত ?

- ক) 102.90 ঘন সে. মি. (প্রায়)      খ) 688.78 ঘন সে. মি. (প্রায়)  
গ) 823.22 ঘন সে. মি. (প্রায়)      ঘ) 1614.90 ঘন সে. মি. (প্রায়)

১০. একটি আয়তাকার ঘনবস্তুর দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা যথাক্রমে 5 সে. মি. 4 সে. মি. ও 3 সে. মি. হলে, এর কর্ণ কত ?

- ক)  $5\sqrt{2}$  সে. মি.      খ) 25 সে. মি.  
গ)  $25\sqrt{2}$  সে. মি.      ঘ) 50 সে. মি.

১১. [কু. বো. ১৯]



চিত্রে  $ON = 3$  একক, হলে, ক্ষেত্রটির আয়তন কত ?

- ক)  $48\pi$  ঘন একক      খ)  $36\pi$  ঘন একক  
গ)  $16\pi$  ঘন একক      ঘ)  $12\pi$  ঘন একক

১২. একটি ঘনকের প্রতিটি বাহুর দৈর্ঘ্য দ্বিগুণ করলে সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল কত গুণ বৃদ্ধি পাবে ?

- ক) 3 গুণ      খ) 4 গুণ  
গ) 5 গুণ      ঘ) 6 গুণ

১৩. একটি ফুটবলের পৃষ্ঠের ক্ষেত্রফল  $400\pi$  বর্গ সে. মি. হলে বলটির ব্যাস কত ?

- ক) 200 সে. মি.      খ) 20 সে. মি.  
গ) 10 সে. মি.      ঘ) 25 সে. মি.


১৪. সমান উচ্চবিশিষ্ট ১টি অর্ধগোলক ও ১টি সিলিন্ডারের আয়তনের অনুপাত কত ?

- ক) 1:2      খ) 1:3  
গ) 2:3      ঘ) 3:1

১৫. কোণকের ব্যাসার্ধ 6 সে. মি. এবং হেলনা উচ্চতা 8 সে. মি. হলে বক্রতলের ক্ষেত্রফল কত ?

- ক)  $36\pi$  বর্গ সে. মি.      খ)  $48\pi$  বর্গ সে. মি.  
গ)  $72\pi$  বর্গ সে. মি.      ঘ)  $96\pi$  বর্গ সে. মি.

১৬. চিত্রে-



- i.  $QR = 6$  সে.মি.  
 ii. বক্রতলের ক্ষেত্রফল =  $60\pi$  বর্গ সে.মি.  
 iii. আয়তন =  $96\pi$  ঘন সে.মি.

নিচের কোনটি সঠিক?

কু. বো. ২০

- ক) i ও ii খ) ii ও iii গ) i ও iii ঘ) i, ii ও iii

গ

নিচের উদ্দীপকের আলোকে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :

৬ সে.মি. ব্যাসবিশিষ্ট একটি ধাতব গোলক গলিয়ে ২ সে.মি.

ব্যাসার্ধবিশিষ্ট একটি সমবৃত্তভূমিক নিরেট সিলিন্ডার তৈরি করা হলো

।

টা. বো. ২০

১৭. উদ্দীপকের সিলিন্ডারের উচ্চতা কত?

- ক) 72 cm খ) 36 cm  
 গ) 27 cm ঘ) 9 cm

ঘ

১৮. সিলিন্ডারের সম্পূর্ণ পৃষ্ঠতলের ক্ষেত্রফল কত?

- ক)  $44\pi$  খ)  $40\pi$   
 গ)  $17\pi$  ঘ)  $12\pi$

ক

নিচের তথ্যের আলোকে ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও :

৩ সে.মি. ব্যাসের একটি গোলক আকৃতির বল একটি সিলিন্ডার

আকৃতির বাস্তবে ঠিকভাবে কেঁটে যায় ।

রা. বো. ২০

১৯. সিলিন্ডারটির বক্রতলের ক্ষেত্রফল কত?

- ক)  $4.50\pi$  বর্গ সে.মি. খ)  $6.75\pi$  বর্গ সে.মি.  
 গ)  $9\pi$  বর্গ সে.মি. ঘ)  $36\pi$  বর্গ সে.মি.

গ

২০. সিলিন্ডারটির অনধিকৃত অংশের আয়তন কত?

- ক)  $2.25\pi$  ঘন সে.মি. খ)  $3\pi$  ঘন সে.মি.  
 গ)  $4.5\pi$  ঘন সে.মি. ঘ)  $9\pi$  ঘন সে.মি.

ক

নিচের তথ্যের আলোকে ২১ ও ২২ নং প্রশ্নের উত্তর দাও :

তোমার নিকট ৪ সে.মি. ব্যাসের একটি গোলক আকারের বলা রয়েছে ।

দি.ম. বো. ২০

২১. বলটির আয়তন কত?

- ক)  $8\pi$  ঘন সে.মি. খ)  $16\pi$  ঘন সে.মি.  
 গ)  $\frac{16}{3}\pi$  ঘন সে.মি. ঘ)  $\frac{32}{3}\pi$  ঘন সে.মি.

ঘ

২২. গোলকের কেন্দ্র থেকে ১ সে.মি. উচ্চতায় তলচ্ছেতে উৎপন্ন বৃত্তক্ষেত্রের ক্ষেত্রফল কত?

- ক)  $\pi$  বর্গ সে.মি. খ)  $\sqrt{2\pi}$  বর্গ সে.মি.  
 গ)  $\sqrt{3\pi}$  বর্গ সে.মি. ঘ)  $3\pi$  বর্গ সে.মি.

ঘ

উদ্দীপকটি পড়ে ২৩ ও ২৪ নং প্রশ্নের উত্তর দাও :

২৩. একটি ক্যাপসুলের সম্পূর্ণ দৈর্ঘ্য ২১ সে.মি. এবং এর সিলিন্ডার

আকৃতি অংশের ব্যাসার্ধ ৩ সে.মি. ।

টা. বো. ১৯

- ক) ৩ সে.মি. খ) ৯ সে.মি.  
 গ) ১৫ সে.মি. ঘ) ১৮ সে.মি.


গ

২৪. ক্যাপসুলটি আয়তন কত?

$$\text{বা, } (11 - x)^3 = 1331 - 729$$

$$\text{বা, } (11 - x)^3 = 602$$

$$\text{বা, } 11 - x = \sqrt[3]{602}$$

$$\text{বা, } 11 - x = 8.44369$$

$$\text{বা, } x = 11 - 8.44369$$

$$\therefore x = 2.556 \text{ (প্রায়)}$$

$\therefore$  দ্বিতীয় গোলকের পুরুত্ব 2.556 সে.মি. (প্রায়)।

## **📖 ২. সিলেট বোর্ড ২০২০**

12 সে.মি. ব্যাসবিশিষ্ট একটি গোলক আকৃতির নিরেট লৌহ গোলক ঘনক আকৃতির বাস্তব ঠিকভাবে এটে যায়।

ক. 3 সে.মি, ব্যাসার্ধবিশিষ্ট গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

খ নিরেট লৌহ গোলকটিকে ঘনক আকৃতির বাস্তব রাখা হলে বাস্তবের অনধিকৃত অংশের আয়তন কত তা নির্ণয় কর।

গ উদ্দীপকের লৌহ গোলক হতে 4 সে.মি. দৈর্ঘ্যের এবং 6 সে.মি. ব্যাসের কয়টি নিরেট সিলিন্ডার তৈরি করা যাবে, তা নির্ণয় কর।

### **⇨ ২নং প্রশ্নের সমাধান ⇩**

**ক.** এখানে, গোলকের ব্যাসার্ধ,  $r = 3$  সে.মি.

গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল

$$= 4\pi r^2$$

$$= 4 \times 3.1416 \times 3^2$$

$$= 113.0976 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

নির্ণেয় গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল 113.0976 বর্গসে.মি.(প্রায়)

খ. দেওয়া আছে,

নিরেট লৌহ গোলকটির ব্যাস 12 সে.মি.

$$\therefore \text{গোলকটির ব্যাসার্ধ, } r = \frac{12}{2} \text{ সে.মি.} = 6 \text{ সে.মি.}$$

$\therefore$  নিরেট লৌহ গোলকটির আয়তন

$$= \frac{4}{3} \pi r^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 64 \text{ ঘন সে.মি.}$$

$$= 904.7808 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

সেহেতু নিরেট গোলকটি ঘনক আকৃতির বাস্তবে ঠিকভাবে এটে যায়।

তাই ঘনকটির বাহুর দৈর্ঘ্য = গোলকটির ব্যাস = 12 সে.মি.।

$$\therefore \text{ঘনক আকৃতি বাস্তবের দৈর্ঘ্য} = 12 \text{ সে.মি.}$$

$$\therefore \text{বাস্তবের আয়তন} = (12)^3 = 1728 \text{ ঘন সে.মি.}$$

$\therefore$  বাস্তবের অনধিকৃত অংশের আয়তন

$$= (1728 - 904.7808) \text{ ঘন সে.মি.}$$

$$= 823.2192 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

নির্ণেয় বাস্তবের অনধিকৃত অংশের আয়তন 823.2192 ঘন সে.মি. (প্রায়)।

গ. ধরি, উদ্দীপকের লৌহ গোলক হতে  $n$  সংখ্যক নিরেট সিলিন্ডার তৈরি করা যাবে।

নিরেট সিলিন্ডারের দৈর্ঘ্য,  $h = 4$  সে.মি.

নিরেট সিলিন্ডারের ব্যাস 6 সে.মি.

$$\therefore \text{নিরেট সিলিন্ডারের ব্যাসার্ধ, } r = \frac{6}{2} = 3 \text{ সে.মি.}$$

খ হতে পাই,

$$\text{লৌহ গোলকটির আয়তন} = 904.7808 \text{ ঘন সে.মি. (প্রায়)।}$$

প্রশ্নমতে,

$$n\pi r^2 h = 904.7808$$

$$\text{বা, } n \times 3.1416 \times 3^2 \times 4 = 904.7808$$

$$\text{বা, } 113.0976n = 904.7808$$

$$\text{বা, } n = \frac{904.7808}{113.0976}$$

$$\therefore n = 8$$

$\therefore$  উদ্দীপকের লৌহ গোলক হতে 8টি নিরেট সিলিন্ডার তৈরি করা যাবে।

### 📖 ৩. দিনাজপুর বোর্ড ২০২০

$P(3, -6), Q(-6, -2), R(-2, 6), S(8, 4)$  একটি

চতুর্ভুজের চারটি শীর্ষ।

ক.  $R$  ও  $S$  বিন্দুর মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর।

খ. এমন একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা  $B(3, 3)$  বিন্দু দিয়ে যায় এবং  $PQ$  রেখার সমান্তরাল।

গ. একটি নিরেট গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল  $PQRS$  চতুর্ভুজের ক্ষেত্রফলের সমান হলে, গোলকটির আয়তন নির্ণয় কর।

⇒ ৩নং প্রশ্নের সমাধান ⇐

ক. দেওয়া আছে,  $R(-2, 6)$  এবং  $S(8, 4)$

$\therefore R$  ও  $S$  বিন্দুর মধ্যবর্তী দূরত্ব

$$= \sqrt{(8+2)^2 + (4-6)^2} \text{ একক}$$

$$= \sqrt{(10)^2 + (-2)^2} \text{ একক}$$

$$= \sqrt{100 + 4} \text{ একক}$$

$$= \sqrt{104} \text{ একক}$$

$$= 2\sqrt{26} \text{ একক}$$

∴ নির্ণেয়  $R$  ও  $S$  বিন্দুর মধ্যবর্তী দূরত্ব  $2\sqrt{26}$  একক

**খ.** দেওয়া আছে,  $P(3, -6)$  এবং  $Q(-6, -2)$

$$\therefore PQ \text{ রেখার ঢাল, } m = \frac{-2+6}{-6-3} = -\frac{4}{9}$$

যেহেতু দুইটি সমান্তরাল সরলরেখার ঢাল সমান।

$$\text{সেহেতু } PQ \text{ রেখার সমান্তরাল রেখার ঢাল, } m = -\frac{4}{9}$$

$$\therefore B(3, 3) \text{ বিন্দুগামী এবং } PQ \text{ রেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ, } y - y_1 = m(x - x_1)$$

$$\text{বা, } y - 3 = -\frac{4}{9}(x - 3)$$

$$\text{বা, } 9y - 27 = -4x + 12$$

$$\text{বা, } 4x + 9y - 27 - 12 = 0$$

$$\therefore 4x + 9y - 39 = 0$$

নির্ণেয় সরলরেখার সমীকরণ,  $4x + 9y - 39 = 0$ .

**গ.** দেওয়া আছে,  $PQRS$  চতুর্ভুজের চারটি শীর্ষবিন্দু  $P(3, -6)$ ,  $Q(-6, -2)$ ,  $R(-2, 6)$  এবং  $S(8, 4)$ . বিন্দুসমূহকে ঘড়ির কাঁটার বিপরীত দিকে নিয়ে  $PQRS$  চতুর্ভুজের ক্ষেত্রফল

$$= \frac{1}{2} \begin{vmatrix} 8 & -2 & -6 & 3 & 8 \\ 4 & 6 & -2 & -6 & 4 \end{vmatrix} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \{48 + 4 + 36 + 12 - (-8 - 36 - 6 - 48)\} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \{100 - (-98)\} \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} (100 + 98) \text{ বর্গ একক}$$

$$= \frac{1}{2} \times 198 \text{ বর্গ একক} = 99 \text{ বর্গ একক}$$

নিরেট গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল  $PQRS$  চতুর্ভুজের ক্ষেত্রফলের সমান।

$$\therefore \text{নিরেট গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} = 99 \text{ বর্গ একক}$$

$$\text{ধরি, নিরেট গোলকের ব্যাসার্ধ} = r \text{ একক}$$

$$\therefore \text{নিরেট গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} = 4\pi r^2 \text{ বর্গ একক}$$

$$\text{শর্তমতে, } 4\pi r^2 = 99$$

$$\text{বা, } r^2 = \frac{99}{4\pi}$$

$$\text{বা, } r = \sqrt{\frac{99}{4 \times 3.1416}}$$

$$\therefore r = 2.8068 \text{ একক (প্রায়)}$$

$$\therefore \text{গোলকটির আয়তন} = \frac{4}{3}\pi r^3 \text{ ঘন একক}$$


$$= \frac{4}{3} \times 3.1416 \times (2.8068)^3 \text{ ঘন একক}$$

$$= 92.624 \text{ ঘন একক (প্রায়)}$$

নির্ণেয় গোলকের আয়তন 92.624 ঘন একক (প্রায়)।

## **8. রাজশাহী বোর্ড ২০১৯**

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



চিত্রে  $PQ = 7$  সে.মি. এবং  $PR = 6$  সে.মি.।

ক.  $PR$  এর সমান ব্যাসবিশিষ্ট একটি মার্বেলের আয়তন নির্ণয় কর।

খ. প্রমাণ কর যে,  $PQ^2 = PR \cdot PA + QS \cdot QA$ .

গ.  $PR$  এর সমান বাহুবিশিষ্ট একটি সুখম ষড়ভুজাকার প্রিজমের উচ্চতা  $PQ$  এর সমান হলে এর সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

⇒ ৪নং প্রশ্নের সমাধান ⇐

ক. দেওয়া আছে,  $PR = 6$  সে.মি.

∴ মার্বেলের ব্যাস = 6 সে.মি.


∴ মার্বেলের ব্যাসার্ধ,  $r = \frac{6}{2} = 3$  সে.মি.

∴ মার্বেলটির আয়তন =  $\frac{4}{3}\pi r^3$  ঘন একক  
 $= \frac{4}{3} \times 3.1416 \times 3^3$  ঘন সে.মি.  
 $= 3 \times 3.1416 \times 27$  ঘন সে.মি.,  
 $= 113.098$  ঘন সে.মি. (প্রায়)

নির্ণেয় মার্বেলের আয়তন 113.098 ঘন সে.মি. (প্রায়)।

খ. এখানে,  $PQ$  ব্যাসের উপর অঙ্কিত অর্ধবৃত্তের দুইটি জ্যা  $PR$  ও  $QS$  পরস্পর  $A$  বিন্দুতে ছেদ করেছে।  $S, R$  যোগ করি।

প্রমাণ করতে হবে যে,  $PQ^2 = PR \cdot PA + QS \cdot QA$ .



প্রমাণ :  $\triangle RAS$  ও  $\triangle PAQ$ -এ

$\angle ASR = \angle APQ$  [একই চাপ  $QR$  এর ওপর অবস্থিত]

এবং  $\angle SAR = \angle PAQ$  [বিপ্রতীপ কোণ বলে]

∴  $\triangle RAS$  ও  $\triangle PAQ$  সদৃশকোণী।

$$\therefore \frac{PA}{SA} = \frac{QA}{RA}$$

$$\text{বা, } PA \cdot RA = QA \cdot SA$$

$$\text{বা, } PA \cdot RA + PA^2 = QA \cdot SA + PA^2$$

[উভয়পক্ষে  $PA^2$  যোগ করে]

$$\text{বা, } PA(RA + PA) = QA \cdot SA + SA^2 + PS^2$$

$$[PQ \text{ ব্যাস বলে, } \angle PSA = \angle PSQ = 90^\circ, \therefore PA^2 = SA^2 + PS^2]$$

$$\text{বা, } PA \cdot PR = SA(QA + SA) + PS^2 [\because RA + PA = PR]$$

$$\text{বা, } PR \cdot PA = SA \cdot QS + PQ^2 - QS^2$$

$$[\because \angle PSQ = 90^\circ \text{ সেহেতু } PS^2 = PQ^2 - QS^2]$$

$$\text{বা, } PR \cdot PA = PQ^2 - QS^2 + SA \cdot QS$$

$$\text{বা, } PR \cdot PA = PQ^2 - QS(QS - SA)$$

$$\text{বা, } PR \cdot PA = PQ^2 - QS \cdot QA [\because QS - SA = QA]$$

$$\therefore PQ^2 = PR \cdot PA + QS \cdot QA \text{ (প্রমাণিত)}$$

গ. দেওয়া আছে,  $PQ = 7$  সে.মি. এবং  $PR = 6$  সে.মি.।

$\therefore$  সুখম ষড়ভুজাকার প্রিজমের বাহুর দৈর্ঘ্য,  $a = PR = 6$  সে.মি. এবং উচ্চতা,  $h = PQ = 7$  সে.মি.

আমরা জানি,  $n$  বাহুবিশিষ্ট সুখম বহুভুজের ক্ষেত্রফল

$$= \frac{na^2}{4} \cot \frac{180^\circ}{n} \text{ বর্গ একক}$$

$\therefore$  প্রিজমটির ভূমির ক্ষেত্রফল

$$= \frac{6 \times 6^2}{4} \cot \frac{180^\circ}{6} \text{ বর্গ সে.মি. } [\because n = 6]$$

$$= 54 \cot 30^\circ \text{ বর্গ সে.মি.}$$

$$= 54\sqrt{3} \text{ বর্গ সে.মি.}$$

এবং প্রিজমটির ভূমির পরিসীমা  $= 6 \times 6 = 36$  সে.মি.

$\therefore$  প্রিজমটির সমগ্রতলের ক্ষেত্রফল

$$= 2(\text{ভূমির ক্ষেত্রফল}) + \text{ভূমির পরিসীমা} \times \text{উচ্চতা}$$

$$= (2 \times 54\sqrt{3} + 36 \times 7) \text{ বর্গ সে.মি.}$$

$$= (187.0614 + 252) \text{ বর্গ সে.মি.}$$

$$= 439.06 \text{ বর্গ সে.মি. (প্রায়)}$$

নির্ণেয় প্রিজমের সমগ্রতলের ক্ষেত্রফল 439.06 বর্গ সে.মি. (প্রায়)

## 📖 ৫. ঢাকা বোর্ড ২০১৭

একটি নিরেট ধাতব সমবৃত্তভূমিক কোণকের উচ্চতা ৪ সে.মি., ভূমির ব্যাসার্ধ ৬ সে.মি.। উক্ত কোণককে গলিয়ে ৪ সে.মি. ব্যাসের কয়েকটি নিরেট গোলক প্রস্তুত করা হল।

- |   |   |
|---|---|
| ক. প্রতিটি গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। | ২ |
| খ. কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।        | ৪ |
| গ. কয়টি নিরেট গোলক তৈরি করা যাবে নির্ণয় কর।     | ৪ |

### ৫ নং প্রশ্নের সমাধান

ক. দেওয়া আছে, গোলকের ব্যাস  $= 4$  সে.মি.

$$\therefore \text{গোলকের ব্যাসার্ধ, } R = \frac{4}{2} \text{ সে.মি.} = 2 \text{ সে.মি.}$$

$$\begin{aligned} \therefore \text{গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} &= 4\pi R^2 \text{ বর্গ একক} \\ &= 4 \times 3.1416 \times 2^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 50.27 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

খ. দেওয়া আছে,

সমবৃত্তভূমিক কোণকের ব্যাসার্ধ,  $r = 6$  সে.মি.

এবং উচ্চতা,  $h = 8$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{হেলানো উচ্চতা, } l &= \sqrt{h^2 + r^2} = \sqrt{8^2 + 6^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{100} \text{ সে.মি.} = 10 \text{ সে.মি.} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল} &= \pi r (l + r) \text{ বর্গ একক} \\ &= 3.1416 \times 6(10 + 6) \text{ বর্গ সে.মি.} \\ &= 301.5936 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ. কোণকের আয়তন  $= \frac{1}{3} \pi r^2 h$  ঘন একক  $= \frac{1}{3} \times \pi \times 6^2 \times 8$  ঘন সে.মি.  
 $= 96\pi$  ঘন সে.মি.

$$\text{নিরেট গোলকের আয়তন} = \frac{4}{3} \pi R^3 \text{ ঘন একক}$$

$$= \frac{4}{3} \times \pi \times 2^3 \text{ ঘন সে.মি. } [\square R = 2 \text{ সে.মি.}]$$

$$= \frac{32\pi}{3} \text{ ঘন সে.মি.}$$


ধরি, কোণকটি গলিয়ে  $n$  সংখ্যক গোলক তৈরি করা যাবে।

$$\text{প্রশ্নমতে, } 96\pi = n \left( \frac{32\pi}{3} \right)$$

$$\text{বা, } n = \frac{96\pi \times 3}{32\pi}$$

$$\therefore n = 9 \text{ টি (Ans.)}$$

### ৬. ঢাকা বোর্ড ২০১৬



$\Delta PQR$  এর  $\angle R$  একটি সূক্ষ্মকোণ এবং  $PD \perp QR$ .

ক. ত্রিভুজের পরিকেন্দ্র ও ভরকেন্দ্র বলতে কী বোঝ? ২


খ. উদ্দীপকের আলোকে প্রমাণ কর যে,  $PQ^2 + 2QR \cdot DR = PR^2 + QR^2$ . ৪

গ.  $DR = 6 \text{ cm}$ ,  $PD = 4 \text{ cm}$  হলে,  $DR$  ও  $PD$  কে একটি আয়তক্ষেত্রের যথাক্রমে দৈর্ঘ্য ও প্রস্থ ধরে ঐ আয়তক্ষেত্রকে  $DR$  বাহুর সাপেক্ষে একবার ঘোরালে উৎপন্ন ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

#### ৬ নং প্রশ্নের সমাধান

ক. ত্রিভুজের পরিকেন্দ্রঃ ত্রিভুজের যেকোনো দুই বাহুর লম্ব সমদ্বিখণ্ডক যে বিন্দুতে ছেদ করে তাকে ত্রিভুজের পরিকেন্দ্র বলে।

ত্রিভুজের ভরকেন্দ্রঃ ত্রিভুজের মধ্যমাগুলো যে বিন্দুতে ছেদ করে ঐ বিন্দুকে ত্রিভুজটির ভরকেন্দ্র বলা হয়।



বিশেষ নির্বচন: এখানে,  $\Delta PQR$  এর  $\angle R$  একটি সূক্ষ্মকোণ,  $PD \perp QR$  এবং  $\angle R$  এর বিপরীত বাহু  $PQ$ , অপর দুই বাহু যথাক্রমে  $QR$  ও  $PR$ । প্রমাণ করতে হবে যে,  $PQ^2 + 2QR \cdot DR = PR^2 + QR^2$ .

প্রমাণ:  $\Delta PQD$  এ  $\angle PDQ =$  এক সমকোণ

$$\therefore PQ^2 = PD^2 + QD^2 \dots \dots (i) \text{ [পীথাগোরাসের উপপাদ্য]}$$

আবার,  $\Delta PDR$  এ  $\angle PDR =$  এক সমকোণ

$$\therefore PR^2 = PD^2 + DR^2 \dots \dots (ii)$$

কিন্তু,  $QD = QR - DR$

(i) নং সমীকরণ হতে পাই,

$$\begin{aligned} PQ^2 &= PD^2 + (QR - DR)^2 \\ &= PD^2 + QR^2 + DR^2 - 2QR \cdot DR \\ &= (PD^2 + DR^2) + QR^2 - 2QR \cdot DR \\ &= PR^2 + QR^2 - 2QR \cdot DR \text{ [(ii) নং থেকে]} \end{aligned}$$

$$\therefore PQ^2 + 2QR \cdot DR = PR^2 + QR^2 \text{ (প্রমাণিত)}$$

গ. দেওয়া আছে,

$$DR = 6 \text{ সে.মি.}$$

$$PD = 4 \text{ সে.মি.}$$

এখন,  $DR$  ও  $PD$  কে একটি আয়তক্ষেত্রের যথাক্রমে দৈর্ঘ্য ও প্রস্থ ধরে ঐ আয়তক্ষেত্রকে  $DR$  বাহুর সাপেক্ষে একবার ঘোরালে একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার উৎপন্ন হয় যার ব্যাসার্ধ,  $r = PD = 4 \text{ সে.মি.}$  এবং উচ্চতা,  $h = DR = 6 \text{ সে.মি.}$

আমরা জানি,


সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= 2\pi r (r + h) \text{ বর্গ একক} \\ &= 2 \times 3.1416 \times 4(4 + 6) \text{ বর্গ সে.মি.} \\ &= 251.33 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$


এবং সিলিন্ডারের আয়তন  $= \pi r^2 h$  ঘন একক

$$= 3.1416 \times 4^2 \times 6 \text{ ঘন সে.মি.}$$

$$= 301.59 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$



### ৭. দিনাজপুর বোর্ড ২০১৭



- ক. সিলিন্ডারের ভূমির ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
 খ. সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল এবং সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪  
 গ. একটি গোলক আকৃতির বল সিলিন্ডারের ভেতর ঠিকভাবে এঁটে যায়। সিলিন্ডারের অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর।

8

৭ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, সিলিন্ডারের ভূমির ব্যাসার্ধ,  $r = 5$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{সিলিন্ডারের ভূমির ক্ষেত্রফল} &= \pi r^2 \text{ বর্গ একক} \\ &= 3.1416 \times 5^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 78.54 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

খ দেওয়া আছে, সিলিন্ডারের ব্যাসার্ধ,  $r = 5$  সে.মি.

এবং উচ্চতা,  $h = 10$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{সিলিন্ডারের বক্রতলের ক্ষেত্রফল} &= 2\pi r h \text{ বর্গ একক} \\ &= 2 \times 3.1416 \times 5 \times 10 \text{ বর্গ সে.মি.} \\ &= 314.16 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল  $= 2\pi r(h + r)$  বর্গ একক

$$\begin{aligned} &= 2 \times 3.1416 \times 5(10 + 5) \text{ বর্গ সে.মি.} \\ &= 471.24 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

গ সিলিন্ডারের আয়তন  $= \pi r^2 h$  ঘন একক

$$\begin{aligned} &= 3.1416 \times 5^2 \times 10 \text{ ঘন সে.মি. [ } \square r = 5 \text{ সে.মি. এবং } h = 10 \text{ সে.মি.]} \\ &= 785.4 \text{ ঘন সে.মি. (প্রায়)} \end{aligned}$$

যেহেতু গোলক আকৃতির বলটি সিলিন্ডারের ভিতর ঠিকভাবে এটে যায়, তাই গোলকের ব্যাসার্ধ হবে সিলিন্ডারের ব্যাসার্ধের সমান।

$$\therefore \text{গোলকের ব্যাসার্ধ, } R = 5 \text{ সে.মি.।}$$

$$\begin{aligned} \therefore \text{গোলকের আয়তন} &= \frac{4}{3}\pi R^3 \text{ ঘন একক} \\ &= \frac{4}{3} \times 3.1416 \times 5^3 \text{ ঘন সে.মি.} = 523.6 \text{ ঘন সে.মি. (প্রায়)} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{সিলিন্ডারের অনধিকৃত অংশের আয়তন} \\ &= (785.4 - 523.6) \text{ ঘন সে.মি.} \\ &= 261.8 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

 **৮. দিনাজপুর বোর্ড ২০১৬**

$A(2, -3)$ ,  $B(7, -3)$  এবং  $C(2, 3)$

ক. BC রেখার ঢাল নির্ণয় কর। ২


খ. বিন্দুত্রয় ছক কাগজে স্থাপন কর এবং প্রমাণ কর যে, এরা একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দু। ৪

গ. AB কে অক্ষ ধরে  $\triangle ABC$  কে একপাক ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার সমগ্র তলের ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

৮ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে,  $B(7, -3)$  এবং  $C(2, 3)$

∴ BC রেখার ঢাল =  $\frac{-3-3}{7-2} = \frac{-6}{5}$  (Ans.)



ছক কাগজে  $XOX'$  কে  $x$  অক্ষ এবং  $YOY'$  কে  $y$  অক্ষ এবং  $O$  মূলবিন্দু ধরে  $A(2, -3)$ ,  $B(7, -3)$  ও  $C(2, 3)$  বিন্দুগুলো স্থাপন করি। পেন্সিল দিয়ে  $AB$ ,  $AC$  ও  $BC$  যোগ করি। তাহলে  $ABC$  একটি ত্রিভুজ উৎপন্ন হয়।

এখানে,  $AB = \sqrt{(7-2)^2 + \{-3-(-3)\}^2} = \sqrt{5^2 + 0^2} = 5$

∴  $AB^2 = 25$

$BC = \sqrt{(7-2)^2 + (-3-3)^2} = \sqrt{5^2 + (-6)^2} = \sqrt{25 + 36} = \sqrt{61}$

∴  $BC^2 = 61$

এবং  $AC = \sqrt{(2-2)^2 + (-3-3)^2} = \sqrt{0^2 + (-6)^2} = \sqrt{36} = 6$

∴  $AC^2 = 36$


∴  $AB^2 + AC^2 = 25 + 36 = 61 = BC^2$

∴  $AB^2 + AC^2 = BC^2$

∴  $\triangle ABC$  একটি সমকোণী ত্রিভুজ যার  $\angle A = 90^\circ$ ।

$A(2, -3)$ ,  $B(7, -3)$  এবং  $C(2, 3)$  বিন্দুগুলো একটি সমকোণী ত্রিভুজের শীর্ষবিন্দু। (প্রমাণিত)


গ 'খ' থেকে পাই,  $AB = 5$   
 $BC = \sqrt{61}$  এবং  $AC = 6$



চিত্রে  $AB$  কে অক্ষ ধরে  $\triangle ABC$  কে একপাক ঘোরানোর ফলে  $BCD$  সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয়েছে। যার উচ্চতা  $AB = h = 5$  একক। ভূমির ব্যাসার্ধ,  $AC = r = 6$  একক এবং হেলানো উচ্চতা  $BC = l = \sqrt{61}$  একক

∴ সমগ্রতলের ক্ষেত্রফল =  $\pi r(r+l)$  বর্গ একক  
=  $3.1416 \times 6(6 + \sqrt{61})$   
=  $260.32$  বর্গ একক (প্রায়) (Ans.)

## ৯. কুমিল্লা বোর্ড ২০১৭




চিত্রে  $PR = 10$  সে.মি. এবং  $QS = 8$  সে.মি.

- ক. প্রদত্ত চিত্র কোন উপপাদ্যকে সমর্থন করে? উপপাদ্যটি লিখ। ২  
খ. প্রমাণ কর যে,  $PR \cdot QS = PQ \cdot RS + PS \cdot QR$ . ৪  
গ.  $PR$  এবং  $QS$  দুইটি ঘনকের ধারের দৈর্ঘ্য হলে, তাদের ক্ষেত্রফলের অনুপাত নির্ণয় কর। ৪

৯ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত চিত্র টলেমির উপপাদ্যকে সমর্থন করে।

টলেমির উপপাদ্য : বৃত্তে অন্তর্লিখিত কোণ চতুর্ভুজের কর্ণদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্র ঐ চতুর্ভুজের বিপরীত বাহুদ্বয়ের অন্তর্গত আয়তক্ষেত্রের সমষ্টির সমান।



**বিশেষ নির্বচন:** মনে করি বৃত্তে অঙ্কিত PQRS চতুর্ভুজের বিপরীত বাহুগুলো যথাক্রমে PQ ও RS এবং QR ও PS। PR এবং QS চতুর্ভুজটির দুইটি কর্ণ। প্রমাণ করতে হবে যে,  
 $PR \cdot QS = PQ \cdot RS + QR \cdot PS$ .

**অঙ্কন:**  $\angle QPR$  কে  $\angle SPR$  এর ছোট ধরে নিয়ে P বিন্দুতে PS রেখাংশের সাথে  $\angle QPR$ -এর সমান করে  $\angle SPM$  আঁকি যেন PM রেখা QS কর্ণকে M বিন্দুতে ছেদ করে।

**প্রমাণ:** অঙ্কন অনুসারে  $\angle QPR = \angle SPM$

উভয়পক্ষে  $\angle RPM$  যোগ করে পাই,

$$\angle QPR + \angle RPM = \angle SPM + \angle RPM$$

$$\text{অর্থাৎ, } \angle QPM = \angle RPS$$

এখন  $\triangle PQM$  ও  $\triangle PRS$  এর মধ্যে,

$$\angle QPM = \angle RPS$$

$$\angle PQS = \angle PRS \text{ [একই বৃত্তাংশস্থিত কোণ সমান বলে]}$$

এবং অবশিষ্ট  $\angle PMQ = \text{অবশিষ্ট } \angle PSR$

$\therefore \triangle PQM$  ও  $\triangle PRS$  সদৃশকোণী।

$$\frac{QM}{RS} = \frac{PQ}{PR}$$

$$\text{অর্থাৎ, } PR \cdot QM = PQ \cdot RS \text{ ..... (i)}$$

আবার,  $\triangle PQR$  ও  $\triangle PMS$  এর মধ্যে

$$\angle QPR = \angle SPM \text{ [অঙ্কন অনুসারে]}$$

$$\angle PSR = \angle PRQ \text{ [একটি বৃত্তাংশস্থিত কোণ সমান বলে]}$$

এবং অবশিষ্ট  $\angle PQR = \text{অবশিষ্ট } \angle PMS$

$\therefore \triangle PQR$  ও  $\triangle PMS$  সদৃশকোণী।

$$\frac{PS}{PR} = \frac{MS}{QR}$$

$$\text{অর্থাৎ, } PR \cdot MS = QR \cdot PS \text{ .....(ii)}$$

এখন সমীকরণ (i) ও (ii) যোগ করে পাই,

$$PR \cdot QM + PR \cdot MS = PQ \cdot RS + QR \cdot PS$$

$$\text{বা, } PR (QM + MS) = PQ \cdot RS + QR \cdot PS$$

$$\therefore PR \cdot QS = PQ \cdot RS + QR \cdot PS \text{ [যেহেতু } QM + MS = QS \text{] (প্রমাণিত)}$$

**গ** দেওয়া আছে,  $PR = 10$  সে.মি.

$$QS = 8 \text{ সে.মি.}$$

$$PR \text{ ধার বিশিষ্ট ঘনকের ক্ষেত্রফল} = 6PR^2 = 6 \times (10)^2 \text{ বর্গ সে.মি.}$$


$$= 600 \text{ বর্গ সে.মি.}$$

$$\text{আবার, } QS \text{ ধারবিশিষ্ট ঘনকের ক্ষেত্রফল} = 6QS^2 = 6 \times (8)^2 \text{ বর্গ সে.মি.}$$

$$= 384 \text{ বর্গ সে.মি.}$$

$$\therefore \text{ঘনক দুটির ক্ষেত্রফলের অনুপাত} = 600 : 384 = 25 : 16 \text{ (Ans.)}$$

## 📖 ১০. চতুর্ভুজ বোর্ড ২০১৭



ক. চিত্রের ঘনবস্তুর আয়তন নির্ণয় কর।

২

খ. তিনটি নিরেট ধাতব গোলকের ব্যাসার্ধ যথাক্রমে AB, BC ও CC'। গোলক তিনটিকে গলিয়ে একটি নিরেট নতুন গোলকে পরিণত করা হলো। এর ব্যাসার্ধ এবং সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

গ. ঘনবস্তুর ABCD তলটিকে বৃহত্তম বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্তুর উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর।

৪

### ১০ নং প্রশ্নের সমাধান

**ক** দেওয়া আছে, ঘনবস্তুর দৈর্ঘ্য = ৫ সে. মি., প্রস্থ = ৪ সে. মি.

$$\text{উচ্চতা} = ৩ \text{ সে. মি.}$$

$$\therefore \text{ঘনবস্তুর আয়তন} = \text{দৈর্ঘ্য} \times \text{প্রস্থ} \times \text{উচ্চতা}$$

$$= 5 \times 4 \times 3 \text{ ঘন সে. মি.}$$

$$= 60 \text{ ঘন সে. মি. (Ans.)}$$

**খ** দেওয়া আছে,

$$AB = 5 \text{ সে. মি.}, BC = 4 \text{ সে. মি. ও } CC' = 3 \text{ সে. মি.}$$

ধরি, নতুন গোলকটির ব্যাসার্ধ = r

আমরা জানি, গোলকের আয়তন =  $\frac{4}{3} \pi$  (ব্যাসার্ধ)<sup>3</sup> ঘন একক

প্রশ্নমতে, AB, BC ও CC' ব্যাসার্ধ বিশিষ্ট গোলকের আয়তনের সমষ্টি = নতুন গোলকের আয়তন

$$\text{বা, } \frac{4}{3} \pi (AB)^3 + \frac{4}{3} \pi (BC)^3 + \frac{4}{3} \pi (CC')^3 = \frac{4}{3} \pi r^3$$

$$\text{বা, } \frac{4}{3} \pi (5^3 + 4^3 + 3^3) = \frac{4}{3} \pi r^3$$

$$\text{বা, } 125 + 64 + 27 = r^3 \text{ বা, } r^3 = 216$$

$$\therefore r = 6$$

সুতরাং নতুন গোলকের ব্যাসার্ধ = 6 সে. মি. (Ans.)

আবার, নতুন গোলকের সমগ্র পৃষ্ঠতলের ক্ষেত্রফল

$$= 4\pi r^2$$

$$= 4 \times 3.1416 \times 6^2 \text{ বর্গ সে. মি.}$$

$$= 452.39 \text{ বর্গ সে. মি. (প্রায়) (Ans.)}$$

গ ঘনবস্তুর ABCD তলটিকে বৃহত্তম বাহু AB এর চতুর্দিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার উৎপন্ন হয়। যার

ব্যাসার্ধ,  $r = BC = 4$  সে. মি.

উচ্চতা,  $h = AB = 5$  সে. মি.

$\therefore$  সিলিন্ডারের সমগ্রতলের ক্ষেত্রফল =  $2\pi r(r + h)$

$$= 2 \times 3.1416 \times 4 (4 + 5) \text{ বর্গ সে. মি.}$$


$$= 226.20 \text{ বর্গ সে. মি. (প্রায়) (Ans.)}$$

আবার, সিলিন্ডারের আয়তন =  $\pi r^2 h$  ঘন একক

$$= 3.1416 \times 4^2 \times 5 \text{ ঘন সে. মি.}$$

$$= 251.33 \text{ ঘন সে. মি. (প্রায়) (Ans.)}$$

## ১১. সিলেট বোর্ড ২০১৫




ক. EP এর সমান ব্যাসার্ধবিশিষ্ট একটি বৃত্ত আঁক যা দুটি নির্দিষ্ট বিন্দু দিয়ে যায়। [অংকনের শুধু চিহ্ন আবশ্যিক] ২

খ. উদ্দীপকের ভিত্তিতে প্রমাণ কর যে,  $DP^2 + EP^2 = \frac{1}{2}(DE^2 + DF^2)$ । ৪

গ.  $DG = 10$  cm,  $PF = 8$  cm হলে,  $\triangle DGF$  কে  $DG$  বাহুর সাপেক্ষে ঘোরালে উৎপন্ন ঘনবস্তুর আয়তন ও ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

১১ নং প্রশ্নের সমাধান



চিত্র-১

চিত্র-২

মনে করি,  $\triangle DEF$ -এ  $DP$  মধ্যমা, প্রমাণ করতে হবে যে,

$$DP^2 + EP^2 = \frac{1}{2}(DE^2 + DF^2)$$

অঙ্কন:  $D$  থেকে  $EF$  এর উপর বা,  $EF$  এর বর্ধিতাংশের উপর  $DG$  লম্ব টানি।

প্রমাণ: মনে করি, চিত্রে (১)-এ  $\angle DPE$  স্থূলকোণ। অতএব পীথাগোরাসের উপপাদ্যের বিস্তৃতি অনুসারে,

$$DE^2 = DP^2 + EP^2 + 2EP \cdot GP \dots\dots\dots (i)$$

আবার, চিত্র (২)-এ  $\angle DPF$  সূক্ষ্মকোণ

$$\therefore DF^2 = DP^2 + FP^2 - 2PF \cdot GP$$

$$\text{বা, } DF^2 = DP^2 + EP^2 - 2 \cdot EP \cdot GP \quad [PF = EP] \dots\dots\dots (ii)$$

(i) ও (ii) যোগ করে,

$$DE^2 + DF^2 = DP^2 + EP^2 + DP^2 + EP^2 + 2EP \cdot GP - 2EP \cdot GP$$

$$\text{বা, } DE^2 + DF^2 = 2DP^2 + 2EP^2$$

$$\therefore DP^2 + EP^2 = \frac{1}{2}(DE^2 + DF^2) \quad (\text{প্রমাণিত})$$

গ  $\triangle DGF$  কে  $DG$  বাহু বরাবর ঘোরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয় যার উচ্চতা,  $DG = 10 \text{ cm} = h$  এবং

$$\text{ব্যাসার্ধ, } r = \frac{PF}{2} = \frac{8}{2} = 4 \text{ cm}$$

$$\text{উৎপন্ন কোণকের আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক}$$

$$= \frac{1}{3} \times 3.1416 \times (4)^2 \times 10 \text{ cm}^3$$

$$= 167.552 \text{ cm}^3 \quad (\text{Ans.})$$

$$\therefore \text{কোণকের হেলানো তল, } \ell = \sqrt{(10)^2 + (4)^2} \text{ একক}$$

$$= \sqrt{100 + 16} = 10.77 \text{ cm} \quad (\text{প্রায়})$$

$$\therefore \text{কোণকের ক্ষেত্রফল} = \pi r(r + \ell) \text{ বর্গ একক}$$

$$= 3.1416 \times 4(4 + 10.77)$$

$$= 185.605 \text{ cm}^2 \quad (\text{প্রায়}) \quad (\text{Ans.})$$

## ১২. যশোর বোর্ড ২০১৬

$P(t, 2)$  বিন্দুগামী  $2y - 3x + 6 = 0$  রেখাটি  $x$  অক্ষকে  $A$  এবং  $y$  অক্ষকে  $B$  বিন্দুতে ছেদ করে।

ক. রেখাটির ঢাল নির্ণয় কর।

২

খ.  $\triangle APB$  এর ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

গ.  $\triangle OAB$  কে  $OB$  বাহুর চতুর্দিকে একবার ঘুরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল নির্ণয় কর।

৪

### ১২ নং প্রশ্নের সমাধান

ক প্রদত্ত সমীকরণ,

$$2y - 3x + 6 = 0$$

$$\text{বা, } 2y = 3x - 6 \text{ বা, } y = \frac{3}{2}x - \frac{6}{2}$$

$$\therefore y = \frac{3}{2}x - 3 \dots\dots\dots (i)$$

(i) নং কে  $y = mx + c$  রেখার সাথে তুলনা করে পাই,  $m = \frac{3}{2}$

$$\therefore \text{রেখাটির ঢাল} = \frac{3}{2} \quad (\text{Ans.})$$

খ প্রদত্ত রেখাটি  $2y - 3x + 6 = 0 \dots\dots\dots (ii)$

রেখাটি  $x$  অক্ষকে  $A$  বিন্দুতে ছেদ করে।

$$\therefore y = 0$$

$$(ii) \text{ নং থেকে, } 2 \cdot 0 - 3x + 6 = 0$$

$$\text{বা, } -3x = -6$$

$$\therefore x = 2$$

$\therefore A$  বিন্দুর স্থানাঙ্ক  $(2, 0)$

আবার, রেখাটি  $y$  অক্ষকে  $B$  বিন্দুতে ছেদ করে।

$$\therefore x = 0$$

$$(ii) \text{ নং থেকে, } 2y - 3 \cdot 0 + 6 = 0$$

$$\text{বা, } 2y = -6 \therefore y = -3$$

$\therefore B$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, -3)$

(ii) নং রেখাটি  $P(t, 2)$  বিন্দুগামী।

$$2 \cdot 2 - 3 \cdot t + 6 = 0$$

$$\text{বা, } 4 - 3t + 6 = 0$$

$$\text{বা, } 10 - 3t = 0$$

$$\text{বা, } 10 = 3t \therefore t = \frac{10}{3}$$

∴ P বিন্দুর স্থানাঙ্ক  $\left(\frac{10}{3}, 2\right)$

$$\begin{aligned}\Delta APB \text{ এর ক্ষেত্রফল} &= \frac{1}{2} \begin{vmatrix} 2 & \frac{10}{3} & 0 & 2 \\ 0 & 2 & -3 & 0 \end{vmatrix} \text{ বর্গ একক} \\ &= \frac{1}{2} \{(4 - 10 + 0) - (0 + 0 - 6)\} \\ &= \frac{1}{2} (-6 + 6) = \frac{1}{2} \times 0 = 0 \text{ (Ans.)}\end{aligned}$$

গ)  $\Delta OAB$  কে  $OB$  বাহুর চতুর্দিকে একবার ঘুরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তা একটি কোণক।  
কোণকের ব্যাসার্ধ,  $r = OA$

$$= \sqrt{(0-2)^2 + (0-0)^2} = \sqrt{4+0} = 2$$

$$\text{কোণকের উচ্চতা, } h = OB = \sqrt{(0-0)^2 + (0+3)^2} = \sqrt{0+9} = 3$$

$$\therefore \text{ হেলানো উচ্চতা, } l = \sqrt{h^2 + r^2} = \sqrt{3^2 + 2^2} = \sqrt{9+4} = \sqrt{13}$$

$$\begin{aligned}\therefore \text{ কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল} &= \pi r(l+r) \\ &= 3.1416 \times 2 \times (\sqrt{13} + 2) \\ &= 35.221 \text{ বর্গএকক (প্রায়) (Ans.)}\end{aligned}$$

### ১৩. যশোর বোর্ড ২০১৫

$\left(-\frac{3}{2}, 5\right)$  বিন্দুগামী একটি সরলরেখার ঢাল  $-\frac{2}{3}$  এবং রেখাটি  $x$  অক্ষ ও  $y$  অক্ষকে যথাক্রমে  $P$  ও  $Q$  বিন্দুতে ছেদ করে।

ক.  $PQ$  রেখার সমীকরণ নির্ণয় কর।

২

খ.  $PQ$  রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার বাহুগুলোর দৈর্ঘ্য নির্ণয় পূর্বক ত্রিভুজটির ক্ষেত্রফল নির্ণয় কর।

গ.  $OPQ$  ত্রিভুজটিকে  $y$  অক্ষের সাপেক্ষে চতুর্দিকে একবার ঘোরালে যে ঘনবস্তু উৎপন্ন হয় তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তনের সাংখ্যিক মানের পার্থক্য নির্ণয় কর।

৪

#### ১৩ নং প্রশ্নের সমাধান

ক দেওয়া আছে, ঢাল,  $m = -\frac{2}{3}$

নির্দিষ্ট বিন্দু,  $(x_1, y_1) = \left(-\frac{3}{2}, 5\right)$

$$\therefore PQ \text{ রেখার সমীকরণ, } y - y_1 = m(x - x_1)$$

$$\text{বা, } y - 5 = -\frac{2}{3} \left\{ x - \left(-\frac{3}{2}\right) \right\}$$


$$\text{বা, } y - 5 = -\frac{2}{3} \left( x + \frac{3}{2} \right)$$

$$\text{বা, } y - 5 = -\frac{2}{3}x - 1$$

$$\text{বা, } y = -\frac{2}{3}x - 1 + 5$$

$$\therefore y = -\frac{2}{3}x + 4 \text{ (Ans.)}$$

খ রেখাটি  $x$  ও  $y$  অক্ষকে  $P$  ও  $Q$  বিন্দুতে ছেদ করলে পাই,



$P$  বিন্দুর স্থানাঙ্ক  $(6, 0)$  [ $x$  অক্ষে  $y = 0$  বসিয়ে পাই,  $x = 6$ ]

$Q$  বিন্দুর স্থানাঙ্ক  $(0, 4)$  [ $y$  অক্ষে  $x = 0$  বসিয়ে পাই,  $y = 4$ ]

ধরি, মূলবিন্দু  $O(0, 0)$

$\Delta OPQ$ -এ

$$OP \text{ বাহুর দৈর্ঘ্য } a = \sqrt{(6-0)^2 + (0-0)^2} = 6$$

$$OQ \text{ বাহুর দৈর্ঘ্য, } b = \sqrt{(0-0)^2 + (4-0)^2} = 4$$

$$\begin{aligned}PQ \text{ বাহুর দৈর্ঘ্য, } c &= \sqrt{(6-0)^2 + (0-4)^2} = \sqrt{6^2 + 4^2} \\ &= \sqrt{36 + 16} = \sqrt{52} = \sqrt{4 \times 13} = 2\sqrt{13}\end{aligned}$$

এখানে অর্ধপরিসীমা,

$$\begin{aligned}s &= \frac{a+b+c}{2} = \frac{6+4+2\sqrt{13}}{2} \\ &= \frac{10+2\sqrt{13}}{2} = 5 + \sqrt{13}\end{aligned}$$

$$\begin{aligned}
&\therefore \Delta OPQ \text{ এর ক্ষেত্রফল} = \sqrt{s(s-a)(s-b)(s-c)} \\
&= \sqrt{(5+\sqrt{13})(5+\sqrt{13}-6)(5+\sqrt{13}-4)(5+\sqrt{13}-2\sqrt{13})} \text{ বর্গ একক} \\
&= \sqrt{(5+\sqrt{13})(-1+\sqrt{13})(1+\sqrt{13})(5-\sqrt{13})} \text{ বর্গ একক} \\
&= \sqrt{(5+\sqrt{13})(5-\sqrt{13})(\sqrt{13}-1)(\sqrt{13}+1)} \text{ বর্গ একক} \\
&= \{5^2 - (\sqrt{13})^2\} \{(\sqrt{13})^2 - 1^2\} \text{ বর্গ একক} \\
&= \sqrt{(25-13)(13-1)} \text{ বর্গ একক} \\
&= \sqrt{12 \times 12} \text{ বর্গ একক} \\
&= \sqrt{12^2} \text{ বর্গ একক} \\
&= 12 \text{ বর্গ একক (Ans.)}
\end{aligned}$$

গ) OPQ ত্রিভুজটিকে y অক্ষের সাপেক্ষে চতুর্দিকে একবার ঘোরালে OP = 6 একক ব্যাসার্ধ এবং OQ = 4 একক উচ্চতা বিশিষ্ট সমবৃত্তভূমিক কোণক তৈরি হবে।  
ধরি, সমবৃত্তভূমিক কোণকের ব্যাসার্ধ r একক এবং উচ্চতা h একক  
সুতরাং r = 6 একক, h = 4 একক

$$\begin{aligned}
&\text{কোণকের তির্যক বাহুর উচ্চতা, } l = \sqrt{h^2 + r^2} \text{ একক} \\
&= \sqrt{4^2 + 6^2} \text{ একক} \\
&= 2\sqrt{13} \text{ একক}
\end{aligned}$$

$$\begin{aligned}
&\therefore \text{কোণকের সমগ্রতলের ক্ষেত্রফল} = \pi r(l+r) \text{ বর্গ একক} \\
&= 3.1416 \times 6 \times (2\sqrt{13} + 6) \text{ বর্গ একক} \\
&= 249.02 \text{ বর্গ একক (প্রায়)}
\end{aligned}$$

$$\begin{aligned}
&\text{এবং কোণকের আয়তন} = \frac{1}{3} \pi r^2 h \text{ ঘন একক} \\
&= \frac{1}{3} \times 3.1416 \times 6^2 \times 4 \text{ ঘন একক} \\
&= 150.8 \text{ ঘন একক (প্রায়)}
\end{aligned}$$

$$\begin{aligned}
&\therefore \text{সাংখ্যিক মানের পার্থক্য} = 249.02 - 150.8 \\
&= 98.22 \text{ (প্রায়) (Ans.)}
\end{aligned}$$

## 📖 ১৪. বরিশাল বোর্ড ২০১৭

৬ সে.মি., ৪ সে.মি. এবং r সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট তিনটি কঠিন ধাতব গোলক গলিয়ে ৯ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট একটি কঠিন গোলকে পরিণত করা হলো যা সিলিন্ডার আকৃতির একটি বাস্কে ঠিকভাবে ঐটে যায়।

- ক. ৬ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকটির পৃষ্ঠতলের ক্ষেত্রফল নির্ণয় কর। ২  
খ. r এর মান নির্ণয় কর। ৪  
গ. বাস্কেটির অনধিকৃত অংশের আয়তন নির্ণয় কর। ৪

### ১৪ নং প্রশ্নের সমাধান

ক) দেওয়া আছে, গোলকের ব্যাসার্ধ R = ৬ সে.মি।  
আমরা জানি, গোলকের ব্যাসার্ধ R হলে  
এর পৃষ্ঠতলের ক্ষেত্রফল =  $4\pi R^2$  বর্গ একক  
 $\therefore$  প্রদত্ত গোলকের পৃষ্ঠতলের ক্ষেত্রফল  
=  $4\pi \times 6^2$  বর্গ সে.মি.  
=  $4\pi \times 36$  বর্গ সে.মি.  
= 452.3904 বর্গ সে.মি. (প্রায়) (Ans.)

খ) আমরা জানি, গোলকের আয়তন =  $\frac{4}{3}\pi \times (\text{ব্যাসার্ধ})^3$  ঘন একক  
৬, ৪, r সে.মি. ব্যাসার্ধের গোলকের আয়তনের সমষ্টি  
=  $\left\{ \frac{4}{3}\pi (6)^3 + \frac{4}{3}\pi (8)^3 + \frac{4}{3}\pi r^3 \right\}$  ঘন সে.মি.  
=  $\frac{4}{3}\pi (6^3 + 8^3 + r^3)$  ঘন সে.মি.

আবার, ৯ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকের আয়তন =  $\frac{4}{3}\pi \times 9^3$  ঘন সে.মি.

$$\text{প্রশ্নমতে, } \frac{4}{3}\pi (6^3 + 8^3 + r^3) = \frac{4}{3}\pi \times 9^3$$

$$\text{বা, } 6^3 + 8^3 + r^3 = 9^3$$

$$\text{বা, } 216 + 512 + r^3 = 729$$

$$\text{বা, } r^3 = 729 - 728$$

$$\text{বা, } r^3 = 1$$

$$\therefore r = 1 \text{ সে.মি. (Ans.)}$$

গ) ৯ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকের আয়তন =  $\frac{4}{3}\pi (9)^3$

$$= \frac{4}{3} \times 3.1416 \times 729$$

$$= 3053.6352 \text{ ঘন সে.মি. (প্রায়)}$$

যেহেতু ৯ সে.মি. ব্যাসার্ধবিশিষ্ট গোলকটি সিলিন্ডার আকৃতির বাস্কে ঠিকভাবে ঐটে যায়।

সুতরাং সিলিন্ডারের ব্যাসার্ধ হবে গোলকের ব্যাসার্ধ এবং সিলিন্ডারের উচ্চতা হবে গোলকের ব্যাস।

$\therefore$  সিলিন্ডারের ব্যাসার্ধ, r = ৯ সে.মি.

এবং উচ্চতা, h = ৯ × ২ সে.মি. = ১৮ সে.মি.

$$\begin{aligned} \therefore \text{সিলিন্ডারের আয়তন} &= \pi r^2 h \text{ ঘন একক} \\ &= 3.1416 \times 9^2 \times 18 \text{ ঘন সে.মি.} \\ &= 4580.4528 \text{ ঘন সে.মি. (প্রায়)} \end{aligned}$$

$$\begin{aligned} \therefore \text{বাক্সটির অনধিকৃত অংশের আয়তন} \\ &= (4580.4528 - 3053.6352) \text{ ঘন সে.মি.} \\ &= 1526.8176 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

## ১৫. বরিশাল বোর্ড ২০১৬

ABC ত্রিভুজের AB = 12 cm, AC = 5 cm, BC = 13 cm এবং মধ্যমাত্রয়ের ছেদ বিন্দু O।


ক. শীর্ষবিন্দু A থেকে বিপরীত বাহুর উপর অঙ্কিত মধ্যমার দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. দেখাও যে, উদ্দীপকে উল্লিখিত ত্রিভুজের বাহু তিনটির বর্গের সমষ্টি 'O' বিন্দু হতে শীর্ষ বিন্দু তিনটির দূরত্বের বর্গের সমষ্টি তিনগুণের সমান। ৪

গ. ত্রিভুজটিকে উহার ক্ষুদ্রতর বাহুর চতুর্দিকে ঘোরালে যে ঘনবস্ত্র উৎপন্ন হয়, তার সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তনের সাংখ্যিক মানের পার্থক্য নির্ণয় কর। ৪

১৫ নং প্রশ্নের সমাধান

ক



দেওয়া আছে, ABC ত্রিভুজে AB = 12 cm, AC = 5 cm

এবং BC = 13 cm।

ধরি, শীর্ষবিন্দু A থেকে বিপরীত বাহু BC এর উপর অঙ্কিত মধ্যমা AD. এ্যাপোলোনিয়াসের উপপাদ্য অনুযায়ী পাই,

$$AB^2 + AC^2 = 2(AD^2 + BD^2)$$

$$\text{বা, } 12^2 + 5^2 = 2AD^2 + 2\left(\frac{BC}{2}\right)^2 \quad [\because D, BC \text{ এর মধ্যবিন্দু}]$$

$$\text{বা, } 144 + 25 = 2AD^2 + 2\left(\frac{13}{2}\right)^2$$

$$\text{বা, } 169 = 2AD^2 + \frac{169}{2}$$

$$\text{বা, } 2AD^2 = 169 - \frac{169}{2}$$

$$\text{বা, } 2AD^2 = \frac{169}{2}$$


$$\text{বা, } AD^2 = \frac{169}{4}$$

$$\text{বা, } AD = \sqrt{\frac{169}{4}}$$

$$\therefore AD = \frac{13}{2} = 6.5 \text{ cm}$$

$\therefore$  মধ্যমার দৈর্ঘ্য 6.5 cm (Ans.)

খ



দেওয়া আছে,  $\triangle ABC$ -এ AB = 12 cm, AC = 5 cm

এবং BC = 13 cm চিত্রানুযায়ী, এ্যাপোলোনিয়াসের উপপাদ্য থেকে পাই,

$$AC^2 + BC^2 = 2(CF^2 + AF^2)$$

$$\text{বা, } 5^2 + 13^2 = 2CF^2 + 2\left(\frac{12}{2}\right)^2$$

$$\text{বা, } 25 + 169 - 72 = 2CF^2$$

$$\text{বা, } CF^2 = \frac{122}{2}$$

$$\therefore CF^2 = 61$$

$$\text{এবং } AB^2 + BC^2 = 2(BE^2 + AE^2)$$

$$\text{বা, } 12^2 + 13^2 = 2BE^2 + 2\left(\frac{5}{2}\right)^2$$

$$\text{বা, } 144 + 169 - 12.5 = 2BE^2$$

$$\text{বা, } BE^2 = \frac{300.5}{2}$$

$$\therefore BE^2 = 150.25$$

এবং 'ক' হতে পাই,  $AD^2 = \frac{169}{4} = 42.25$

আমরা জানি, ত্রিভুজের মধ্যমত্রয়ের ছেদবিন্দু মধ্যমাগুলোকে 2 : 1 বা 1 : 2 অনুপাতে বিভক্ত করে। চিত্রে, O ত্রিভুজের মধ্যমত্রয়ের ছেদবিন্দু।

$\therefore \frac{OD}{OA} = \frac{1}{2}$

বা,  $\frac{OD+OA}{OA} = \frac{1+2}{2}$  [যোজন করে]

বা,  $\frac{AD}{OA} = \frac{3}{2}$

বা,  $OA = \frac{2}{3}AD$

বা,  $OA^2 = \frac{4}{9}AD^2$  [বর্গ করে]

$\therefore OA^2 = \frac{4}{9} \times 42.25 = \frac{169}{9}$

অনুরূপে পাই,  $OB^2 = \frac{4}{9} \times BE^2 = \frac{4}{9} \times 150.25 = \frac{601}{9}$

এবং  $OC^2 = \frac{4}{9} \times CF^2 = \frac{4}{9} \times 61 = \frac{244}{9}$


$\therefore 3(OA^2 + OB^2 + OC^2) = 3\left(\frac{169}{9} + \frac{601}{9} + \frac{244}{9}\right)$   
 $= 3 \times \frac{1014}{9} = 338$

এবং  $AB^2 + BC^2 + AC^2 = 12^2 + 13^2 + 5^2 = 144 + 169 + 25 = 338$

$\therefore AB^2 + BC^2 + AC^2 = 3(OA^2 + OB^2 + OC^2)$  (দেখানো হলো)

গ এখানে,

$AB^2 + AC^2 = 12^2 + 5^2$   
 $= 144 + 25$   
 $= 169$   
 $= 13^2 = BC^2$



$\therefore ABC$  সমকোণী ত্রিভুজ এবং  $\angle A$  সমকোণ।

উদ্দীপকে উল্লেখিত সমকোণী ত্রিভুজটিকে উহার ক্ষুদ্রতম বাহু AC এর চতুর্দিকে ঘোরালে একটি সমবৃত্তভূমিক কোণক উৎপন্ন হয় যার ভূমির ব্যাসার্ধ,  $r = AB = 12\text{cm}$ ,

উচ্চতা,  $h = AC = 5\text{ cm}$  এবং হেলানো উচ্চতা,  $l = BC = 13\text{cm}$

$\therefore$  কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল  $= \pi r(r + l)$  বর্গ একক  
 $= 3.1416 \times 12 \times (12 + 13)$  বর্গ সে.মি.  
 $= 37.6992 \times 25$  বর্গ সে.মি.  
 $= 942.48$  বর্গ সে.মি. (প্রায়)

এবং কোণকটির আয়তন  $= \frac{1}{3} \pi r^2 h$  ঘন একক  
 $= \frac{1}{3} \times 3.1416 \times 12^2 \times 5$  ঘন সে.মি.  
 $= 753.98$  ঘন সে.মি. (প্রায়)

$\therefore$  কোণকটির সমগ্রতলের ক্ষেত্রফল ও আয়তনের সাংখ্যিক মানের পার্থক্য

$= 942.48 - 753.98 = 188.5$  (প্রায়) (Ans.)

### গুরুত্বপূর্ণ সৃজনশীল প্রশ্ন ও সমাধান

**প্রশ্ন-১** ▶ একটি ঔষধের বোতলের প্যাকেটের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতার অনুপাত 4 : 3 : 2 এবং তার সমগ্রতলের বেত্রফল 468 বর্গ সে.মি.।

ক. প্যাকেটের দৈর্ঘ্য, প্রস্থ ও উচ্চতা নির্ণয় কর। ২

খ. প্যাকেটের কর্ণের দৈর্ঘ্য, প্রতিটি তলের ক্ষেত্রফল এবং

আয়তন নির্ণয় কর। 8

গ. প্যাকেটের কর্ণের সমান ধার বিশিষ্ট ঘনকের

সমগ্রতলের ক্ষেত্রফল, আয়তন এবং কর্ণের দৈর্ঘ্য নির্ণয়

কর। 8

▶▶ ১নং প্রশ্নের সমাধান ▶▶

ক. ধরি,

প্যাকেটটির দৈর্ঘ্য, প্রস্থ এবং উচ্চতা যথাক্রমে

4x, 3x ও 2x সে.মি.

আমরা জানি,

আয়তাকার ঘনবস্তুর সমগ্রতলের ক্ষেত্রফল

$$= 2(ab + bc + ca) \text{ বর্গ একক।}$$

তাহলে,  $2(4x \times 3x + 3x \times 2x + 2x \times 4x) = 468$

$$\text{বা, } 2 \times 26x^2 = 468$$

$$\text{বা, } x^2 = \frac{468}{2 \times 26}$$

$$\text{বা, } x^2 = 9$$

$$\therefore x = 3$$

$\therefore$  প্যাকেটির দৈর্ঘ্য,  $a = 4 \times 3 = 12$  সে.মি.,

$$\text{প্রস্থ } b = 3 \times 3 = 9 \text{ সে.মি.}$$

এবং উচ্চতা,  $c = 2 \times 3 = 6$  সে.মি. (Ans.)

খ. আমরা জানি,

আয়তাকার ঘনবস্তুর কর্ণের দৈর্ঘ্য  $= \sqrt{a^2 + b^2 + c^2}$  একক

$\therefore$  প্যাকেটির কর্ণের দৈর্ঘ্য  $= \sqrt{12^2 + 9^2 + 6^2}$  সে.মি. [ক হতে পাই]

$$= \sqrt{261} \text{ সে.মি.}$$

$$= 16.16 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

আমরা জানি,

আয়তাকার ঘনবস্তুর ছয়টি তল রয়েছে এবং তিনটি তল অপর তিনটি তলের সমান।

$\therefore$  দৈর্ঘ্য ও প্রস্থের সমন্বয়ে গঠিত তলের ক্ষেত্রফল

$$= 12 \times 9 \text{ বর্গ সে.মি.}$$

$$= 108 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রস্থ ও উচ্চতার সমন্বয়ে গঠিত তলের ক্ষেত্রফল

$$= 6 \times 9 \text{ বর্গ সে.মি.}$$

$$= 54 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

এবং দৈর্ঘ্য ও উচ্চতার সমন্বয়ে গঠিত তলের ক্ষেত্রফল

$$= 12 \times 6 \text{ বর্গ সে.মি.}$$

$$= 72 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

$\therefore$  প্যাকেটির আয়তন  $= abc$  ঘন একক

$$= 12 \times 9 \times 6 \text{ ঘন সে.মি.}$$

$$= 648 \text{ ঘন সে.মি. (Ans.)}$$

গ. এখানে, ঘনকের ধার,  $a' =$  প্যাকেটির কর্ণ  $= 16.16$  সে.মি. (প্রায়)

আমরা জানি,

ঘনকের সমগ্রতলের ক্ষেত্রফল  $= 6a'^2$  বর্গ একক

$$= 6 \times (16.16)^2$$

$$= 1566.8736 \text{ বর্গ সে.মি. (Ans.)}$$

আয়তন  $= a'^3$  ঘন একক

$$= (16.16)^3 \text{ ঘন সে.মি.}$$


$$= 4220.1129 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

কর্ণের দৈর্ঘ্য  $= a'\sqrt{3}$  একক

$$= 16.16 \times \sqrt{3} \text{ সে.মি.}$$

$$= 28 \text{ সে.মি. (প্রায়) (Ans.)}$$

প্রশ্ন-১২ নিচের প্রিজমটি লব কর :



?

- ক. প্রিজমটির ভূমির ক্ষেত্রফল কত হবে? ২  
 খ. প্রিজমটির সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর। ৪  
 গ. যদি প্রিজমটির ভূমিকে একটি পিরামিডের ভূমি হিসেবে সমগ্রতলের ক্ষেত্রফল এবং আয়তন নির্ণয় কর। ৪

▶▶ ২নং প্রশ্নের সমাধান ▶▶

ক. এখানে, প্রিজমটি একটি বর্গাকার ভূমির উপর অবস্থিত।

$$\begin{aligned} \text{প্রিজমটির ভূমির ক্ষেত্রফল} &= (\text{এক বাহুর দৈর্ঘ্য})^2 \\ &= (4)^2 = 16 \text{ বর্গ সে.মি. (Ans.)} \end{aligned}$$

খ. এখানে, ভূমির পরিসীমা =  $4 \times$  এক বাহুর দৈর্ঘ্য  
 $= 4a$

∴ প্রিজমের সমগ্রতলের ক্ষেত্রফল


$$\begin{aligned} &= 2 (\text{ভূমির ক্ষেত্রফল}) + \frac{1}{2} \times \text{ভূমির পরিসীমা} \times \text{উচ্চতা} \\ &= 2 \times 16 + \frac{1}{2} \times 4 \times 4 \times 6 \\ &= 32 + 48 \\ &= 80 \text{ বর্গ সে.মি. (Ans.)} \end{aligned}$$

$$\begin{aligned} \text{প্রিজমটির আয়তন} &= \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা} \\ &= 16 \times 6 \text{ ঘন সে.মি.} \\ &= 96 \text{ ঘন সে.মি. (Ans.)} \end{aligned}$$

গ. পিরামিডের ভূমির কেন্দ্রবিন্দু হতে যেকোনো বাহুর লম্ব দূরত্ব,

$$r = \sqrt{4^2 - 2^2} \text{ সে.মি.} = \sqrt{12} \text{ সে.মি.}$$

পিরামিডের উচ্চতা  $h = 6$  সে.মি.



∴ ইহার যেকোনো পার্শ্বতলের হেলানো উচ্চতা,

$$\begin{aligned} l &= \sqrt{h^2 + r^2} \text{ একক} \\ &= \sqrt{6^2 + (\sqrt{12})^2} \text{ সে.মি.} \\ &= 6.93 \text{ সে.মি. (প্রায়)} \end{aligned}$$

∴ পিরামিডের সমগ্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \text{ভূমির ক্ষেত্রফল} + \frac{1}{2} (\text{ভূমির পরিধি} \times \text{হেলানো উচ্চতা}) \\ &= 16 + \frac{1}{2} (4 \times 4 \times 6.93) = 71.44 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

$$\text{পিরামিডের আয়তন} = \frac{1}{3} \times \text{ভূমির ক্ষেত্রফল} \times \text{উচ্চতা}$$

$$= \frac{1}{3} \times 16 \times 6 \text{ ঘন সে.মি.}$$

$$= 32 \text{ ঘন সে.মি. (Ans.)}$$

**প্রশ্ন-৩** কোনো সমকোণী ত্রিভুজের দুইটি বাহুর দৈর্ঘ্য 5 সে.মি. এবং 3 সে.মি.।


ক. একে সমকোণ সংলগ্ন কোনো বাহুর চতুর্দিকে ঘুরালে  
কী উৎপন্ন হয়? ২

খ. উৎপন্ন ঘনবস্তুটির হেলানো উচ্চতা, বক্রতলের  
ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

গ. হেলানো উচ্চতা একটি গোলকের ব্যাসার্ধের সমান  
এবং কেন্দ্র থেকে 4 সে.মি. দূরবর্তী কোনো বিন্দুর মধ্য  
দিয়ে ব্যাসের উপর লম্ব সমতল গোলকটিকে ছেদ করলে  
উৎপন্ন তলটির ক্ষেত্রফল নির্ণয় কর। ৪

◀ ৩নং প্রশ্নের সমাধান ▶

ক. কোনো সমকোণী ত্রিভুজের সমকোণ সংলগ্ন একটি বাহুকে অক্ষ ধরে তার চতুর্দিকে ত্রিভুজটিকে একবার ঘুরিয়ে আনলে যে ঘনবস্তু উৎপন্ন হয় তা সমবৃত্তভূমিক কোণক।



OAB সমকোণী ত্রিভুজের OA বাহুকে অক্ষ ধরে OABC কোণকটি উৎপন্ন হয়।

খ. প্রশ্নানুসারে, কোণকটির উচ্চতা, OA = 5 সে.মি.

এবং ব্যাসার্ধ, OB = 3 সে.মি.

$$\begin{aligned} \therefore \text{কোণকটির হেলানো উচ্চতা, } l &= \sqrt{h^2 + r^2} \text{ একক} \\ &= \sqrt{5^2 + 3^2} \text{ সে.মি.} \\ &= \sqrt{34} \text{ সে.মি.} \\ &= 5.8 \text{ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

$\therefore$  কোণকটির বক্রতলের ক্ষেত্রফল

$$\begin{aligned} &= \pi r l \text{ বর্গ একক} \\ &= 3.1416 \times 3 \times 5.8 \text{ বর্গ সে.মি.} \\ &= 54.66 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

ও কোণকটির আয়তন =  $\frac{1}{3} \pi r^2 h$  ঘন একক


$$= \frac{1}{3} \times 3.1416 \times 3^2 \times 5 \text{ ঘন সে.মি.}$$

$$= 47.124 \text{ ঘন সে.মি. (প্রায়) (Ans.)}$$

[ $\therefore h = OA = 5$  সে.মি.]

গ. প্রশ্নমতে, গোলকের ব্যাসার্ধ = কোণকের হেলানো উচ্চতা

$$= 5.8 \text{ সে.মি. [‘খ’ থেকে পাই]}$$



চিত্র থেকে পাই,

কেন্দ্র O থেকে 4 সে.মি. দূরে A বিন্দুতে উৎপন্ন তলটির ক্ষেত্রফল নির্ণয় করতে হবে।

$$\Delta OAB \text{ এ, } OB^2 = OA^2 + AB^2$$

$$\text{বা, } AB^2 = OB^2 - OA^2 = (5.8)^2 - 4^2 = 17.64$$

$$\therefore AB = \sqrt{17.64} = 4.2 \text{ সে.মি.}$$

এখানে, সমতলটি বৃত্ত হবে যার ব্যাসার্ধ,  $r = 4.2$  সে.মি.

$$\begin{aligned} \therefore \text{উৎপন্ন তলটির ক্ষেত্রফল} &= \pi r^2 \text{ বর্গ একক} \\ &= 3.1416 \times (4.2)^2 \text{ বর্গ সে.মি.} \\ &= 55.42 \text{ বর্গ সে.মি. (প্রায়) (Ans.)} \end{aligned}$$

**প্রশ্ন-৪** ▶ একটি ক্যাপসুলের দৈর্ঘ্য 15 সে.মি.। ইহার সিলিন্ডার আকৃতির অংশের ব্যাসার্ধ 3 সে.মি.।


ক. ক্যাপসুলটির আনুমানিক চিত্র অঙ্কন কর এবং এর সিলিন্ডার আকৃতির অংশের দৈর্ঘ্য নির্ণয় কর। ২

খ. 'ক' অংশ হতে প্রাপ্ত চিত্রের আলোকে এর সমগ্র তলের ক্ষেত্রফল ও আয়তন নির্ণয় কর। ৪

গ. ক্যাপসুল থেকে প্রাপ্ত সমবৃত্তভূমিক কোণক, অর্ধগোলক ও সিলিন্ডারের আয়তনের অনুপাত নির্ণয় কর। ৪

▶ ৪নং প্রশ্নের সমাধান ▶

ক.



ABCDEF একটি ক্যাপসুল। যার ACDF একটি সমবৃত্তভূমিক সিলিন্ডার এবং ABC ও DEF দুইটি অর্ধগোলক।

দেওয়া আছে,

ক্যাপসুলের সম্পূর্ণ দৈর্ঘ্য = 15 সে.মি. এবং সিলিন্ডার আকৃতির অংশের ব্যাসার্ধ,  $r = 3$  সে.মি.

$$\therefore \text{সিলিন্ডার আকৃতির অংশের দৈর্ঘ্য} = 15 - (3 + 3) = 9 \text{ সে.মি. (Ans.)}$$

খ. 'ক' থেকে পাই, ক্যাপসুলের দুই প্রান্ত অর্ধগোলাকৃতির

$$\therefore \text{ক্যাপসুলের সমগ্রতলের ক্ষেত্রফল} = \text{দুই প্রান্তের অর্ধগোলাকৃতি অংশের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} + \text{সিলিন্ডার আকৃতির অংশের পৃষ্ঠতলের ক্ষেত্রফল} = 2 \times \frac{1}{2} \times$$

$$4\pi r^2 + 2\pi r h \text{ বর্গ একক}$$

